# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 25, 1430 Bangla, April 08, 2024, Monday, No. 99, 54th year


# H I G H L I G H T S

AL GS says, BNP is looking for issues to conceal its failure. After failing in Myanmar issue, now BNP is capitalising on Kuki-Chin issue. This is an isolated incident. This will not impact overall peace in hills. (R. Today: 15)

Visiting Brazilian Foreign Minister Mauro Vieira has welcomed Bangladesh's interest in reaching a Preferential Trade Agreement (PTA) with the Southern Common Market. (VOA: 07)

Brazil is interested in exporting beef to BD. But BD wants the opportunity to import live cattle & BD demands Brazil to provide duty-free export facilities for garments and jute products. (BBC: 04)

BNP SJSG demands unconditional release of party's detained leaders & activists before Eid-ul-Fitr - also demands cancellation of formal sentences against party leaders & workers & withdrawal of false cases. (Jago FM: 20)

Opposition Leader & JaPa Chairman GM Quader says, if govt. faces problems in controlling small incident in the hills, then the people will not find a way to stand up if there is a major danger in the country. (Jago FM: 22)

2 leaders, including Chief Coordinator of KNF has been arrested in army-led joint operation 4 days after bank robberies & armed attacks in Ruma & Thanchi. Stagnant situation is still prevailing in that area. Many tourists have left Bandarban in fear. (BBC: 03)

JCD demands 'coexistence of student parliament elections & political student organizations' amid ambivalent position of Chhatra League & general students on student politics at BUET. So, strong discussion is going on everywhere about the necessity of student politics in BUET and why. (VOA: 08)

Dengue outbreak may be terrifying this year. Deaths are more than double in first 3 months compared to similar periods of last years. Study found high density of Aedes mosquitoes in 9 districts including Dhaka & dengue has now become a year-round disease. (DW: 12)

Police arrest an AL leader and his 7 associates for assaulting police and abducting an accused by entering the police station at Shahjahanpur Upazila in Bogra. (R. Today: 14)

Nor'westers accompanied by lightning killed at least 12 people & damaged households & crops in several districts on Sunday, when many districts experienced a mild to moderate heatwave. (Jago FM: 16)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ২৫, বাংলা ১৪৩০, এপ্রিল ০৮, ২০২৪, সোমবার, নং-৯৯, ৫৪তম বছর**

# শিরোনাম

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি ব্যর্থতা ঢাকতে ইস্যু খোঁজে। মিয়ানমার ইস্যুতে ব্যর্থ হয়ে এখন কুকি চীন ইস্যু খুঁজছে। এটা বিচ্ছিন্ন ঘটনা। এর দ্বারা গোটা পাহাড়ের সার্বিক শান্তি পরিস্থিতিতে কোনো প্রভাব পড়বে না। (রে. টুডেঃ ১৫)

সাউদার্ন কমন মার্কেটের সঙ্গে অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তিতে (পিটিএ) পৌঁছানোর জন্য বাংলাদেশের আগ্রহকে স্বাগত জানিয়েছেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরা। (ভোয়াঃ ০৭)

ব্রাজিল বাংলাদেশে গরুর মাংস রফতানিতে আগ্রহী হলেও বাংলাদেশ চাইছে জীবন্ত গরু আমদানির সুযোগ। পাশাপাশি ব্রাজিল যেন তাদের বাজারে তৈরি পোশাক ও পাটের শুল্কমুক্ত রফতানি সুবিধা দেয়, বাংলাদেশ সেই দাবিও জানাচ্ছে। (বিবিসিঃ ০৪)

ইদের আগেই বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া-সহ নেতা-কর্মীদের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। দলীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে ফরমায়েশি সাজা বাতিল এবং মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিও জানান তিনি। (জাগো এফএমঃ ২০)

জাতীয় পার্টির চেয়ারম্যান ও সংসদের বিরোধীদলীয় নেতা জি এম কাদের বলেছেন, পাহাড়ের সামান্য ঘটনায় যদি সরকার হিমশিম খায়, তাহলে দেশে বড় ধরনের বিপদ হলে জনগণ দাঁড়ানোর রাস্তা খুঁজে পাবে না। (জাগো এফএমঃ ২২)

পার্বত্য জেলা বান্দরবানের রুমা ও থানচিতে ব্যাংক লুট ও সশস্ত্র হামলার চারদিন পর সেনাবাহিনীর নেতৃত্বে যে যৌথ অভিযান শুরু হয়েছে, তাতে সশস্ত্র সংগঠন কেএনএফ-এর প্রধান সমন্বয়ক-সহ দু'জন নেতা আটক হয়েছেন। এখনও থমথমে অবস্থা বিরাজ করছে ঐ এলাকায়। আতঙ্কে বহু পর্যটক বান্দরবান ছেড়ে চলে গিয়েছেন। (বিবিসিঃ ০৩)

বুয়েটে ছাত্র রাজনীতি নিয়ে ছাত্রলীগ ও শিক্ষার্থীদের দ্বিমুখী অবস্থানের মধ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ক্যাম্পাসে `ছাত্র সংসদ নির্বাচন ও রাজনৈতিক ছাত্র সংগঠনগুলোর সহাবস্থানের, দাবি জানিয়েছে। এমন পেক্ষাপটে বুয়েটে ছাত্র রাজনীতির প্রয়োজনীয়তা কতটা এবং কেন তা নিয়ে সর্বত্র চলছে জোর আলোচনা। (ভোয়াঃ ০৮)

চলতি বছর ডেঙ্গুর প্রকোপ আরো বাড়তে পারে। তা হতে পারে ভয়ঙ্কর। গত বছরের প্রথম তিন মাসের তুলনায় এই বছরের প্রথম তিন মাসে ডেঙ্গুতে মৃত্যুর দ্বিগুণেরও বেশি। গবেষণায় ঢাকাসহ ৯টি জেলায় ডেঙ্গুর জন্য দায়ী এডিস মশার উচ্চ ঘনত্ব দেখা গেছে। আর ডেঙ্গু এখন সারা বছরের রোগে পরিণত হয়েছে। (ডয়চে ভেলেঃ ১২)

থানায় ঢুকে পুলিশের উপর হামলা ও আসমী ছিনিয়ে নেওয়ার অভিযোগে বগুড়ার শাহজাহানপুর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের নেতা তার ৭ সহযোগীকে গ্রেফতার করেছে পুলিশ। (রে. টুডেঃ ১৪)

দেশের বেশ কয়েকটি জেলায় তাণ্ডব চালিয়েছে কালবৈশাখী। এতে প্রাণ গেছে চারজনের। গাছপালা উপড়ে পড়ে ও ঝড়ে সম্পূর্ণ ও আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে কয়েকশ ঘরবাড়ি। এছাড়া বজ্রপাতে মারা গেছেন আরও আটজন। দেশের অর্ধেকেরও বেশি অঞ্চলজুড়ে বইছিল তাপপ্রবাহ। (জাগো এফএমঃ ১৬)

# বিবিসি

## বান্দরবানে সেনার নেতৃত্বে যৌথ অভিযান, দু,জন কুকি-চিন নেতা আটক

বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামে বান্দরবানের রুমা ও থানচিতে ব্যাংক লুট ও সশস্ত্র হামলার চারদিন পর সেনাবাহিনীর নেতৃত্বে যে যৌথ অভিযান শুরু হয়েছে, তাতে সশস্ত্র সংগঠন কুকি চিন ন্যাশনাল ফ্রন্ট বা কেএনএফ-এর প্রধান সমন্বয়ক-সহ দু'জন নেতা আটক হয়েছেন। এখনও থমথমে অবস্থা বিরাজ করছে ওই এলাকায়। আতঙ্কে বহু পর্যটক বান্দরবান ছেড়ে চলে গিয়েছেন। এই পরিস্থিতিতে রোববার বান্দরবানে সফর করেছেন বাংলাদেশের সেনাপ্রধান জেনারেল শফিউদ্দিন আহমেদ। পরে তিনি সাংবাদিকদের বলেছেন, পার্বত্য এলাকায় শান্তি আলোচনার আড়ালে 'সন্ত্রাসী কর্মকাণ্ডে' জড়িয়েছে কুকি-চিন। এই সশস্ত্র গোষ্ঠীকে রুখতে যৌথ অভিযানের পরিকল্পনা চূড়ান্ত করতেই যে তার সফর, সে কথাও সেনাপ্রধান সাংবাদিকদের জানান। সেনাপ্রধান মি. আহমেদ বলেন, "কিছু অস্ত্রও উদ্ধার করা হয়েছে। একটা প্রক্রিয়া শুরু হয়েছে। বান্দরবানে পরিস্থিতি নিয়ন্ত্রণে সক্ষম সেনাবাহিনী।" ওই ঘটনায় আইনশৃংখলা বাহিনীর মোট ১৪টি অস্ত্র লুট হয়েছিল। তবে গত রোববার যে উদ্ধার হয়েছে সেগুলো একই অস্ত্র কি না, সেটি এখনও নিশ্চিত করা যায়নি বলেও জানান সেনাপ্রধান। ব্যাংকে হামলা ও লুটপাটের ঘটনায় রুমা ও থানচি-সহ আশেপাশের এলাকায় আতঙ্কে অনেকে বাড়িঘর ছেড়ে গেছে বলে এলাকার বাসিন্দারা জানিয়েছেন। আইনশৃংখলা বাহিনীর কড়াকড়ির কারণে নিজ এলাকায় চলাচলেও হয়রানির মুখে পড়তে হচ্ছে বলেও জানান স্থানীয়রা। এই পর্যটন এলাকায় সরকারের পক্ষ থেকে কোনও নিষেধাজ্ঞা আনুষ্ঠানিকভাবে জারি করা না হলেও এমন পরিস্থিতিতে আতঙ্কে পর্যটকশুন্য হয়ে পড়েছে বান্দরবান। রুমা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা দিদারুল আলম বিবিসি বাংলাকে বলেন, "গত বুধবারের পর থেকে কোনও পর্যটক আসেনি রুমা উপজেলায়।„

পরিস্থিতি স্বাভাবিক রাখতে এলাকায় আইনশৃংখলা বাহিনীর টহল বাড়ানো হয়েছে বলেও জানান তিনি। থানচি, রোয়াংছড়ি ও রুমা উপজেলায় সোনালী ও কৃষি ব্যাংকের তিনটি করে মোট ছয়টি শাখা রয়েছে। এই দুটি ব্যাংক ছাড়া অন্য কোনও ব্যাংকের শাখা নেই এই তিন উপজেলায়। গত সপ্তাহে সশস্ত্র গোষ্ঠীর ডাকাতির ঘটনার পরই লেনদেন বন্ধ করে দেওয়া হয় এসব ব্যাংকের শাখাগুলোয়। স্থানীয়রা জানাচ্ছেন গত বুধবারের পর থেকে কেউ ব্যাংকে কোনও ধরনের কাজ করতে পারছে না। লেনদেন করতে না পারায় অনেকে নানা ধরনের ভোগান্তিতে পড়ছেন বলেও জানান স্থানীয়রা। বাজারে ও পথেঘাটে থমথমে ভাব বিরাজ করছে। দোকানপাট খুললেও লোকসমাগম নেই। স্থানীয় ব্যবসায়ী ইমন মারমা বিবিসি বাংলাকে বলেন, "বাজারে দোকানপাট খুললেও ব্যাংকগুলো বন্ধ রয়েছে। কিছু জরুরি কাজ থাকলেও সারার কোনও উপায় দেখছি না।" ব্যাংক ছাড়াও এই এলাকার সরকারি বেসরকারি প্রতিষ্ঠানগুলোও বন্ধ রয়েছে। রুমা ও থানচি এলাকার বাসিন্দারা বলছেন, অস্ত্রধারীদের এই আতঙ্ক অন্যান্য অফিসগুলোতেও রয়েছে। ওই দিনের পর থেকে উপজেলা প্রশাসন ও সরকারি জরুরি সেবা প্রতিষ্ঠান বাদে সব ধরনের প্রতিষ্ঠান বন্ধ রয়েছে থানচিতে। থানচির স্থানীয় সাংবাদিক অনুপম মারমা বিবিসি বাংলাকে বলেন, "সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান যখন দেখল ব্যাংকে এমন একটা ঘটনা ঘটেছে, তারপর থেকেই বিভিন্ন প্রতিষ্ঠানের শাখা অফিসগুলো তাদের কার্যালয় বন্ধ রেখেছে। এসব প্রতিষ্ঠানে কর্মরত অনেকে এলাকা ছেড়ে চলেও গেছেন।" গত বুধবারের ঘটনার পর বান্দরবান-রুমা পথে মানুষের চলাচলও কমে যায়। প্রায় বন্ধ হয়ে পড়েছিল সড়ক যোগাযোগ। গত দু'দিনে তা একটু একটু করে স্বাভাবিক হতে শুরু করেছে। রুমা উপজেলার ভারপ্রাপ্ত ইউএনও দিদারুল আলম বিবিসি বাংলাকে বলেন, "এখন রুমায় মানুষজনের মধ্যে স্বাভাবিক অবস্থা বিরাজ করছে। আইনশৃংখলা বাহিনীর টহল আছে। চেকপোস্টগুলো সতর্ক অবস্থায় রয়েছে।„ তবে বান্দরবানের রুমা ও থানচিতে ব্যাংক লুট ও হামলার ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছে সেখানকার বাসিন্দারা। জরুরি প্রয়োজন ছাড়া কেউ ঘর থেকে বের হচ্ছেন না। এরই মধ্যে নিরাপত্তার কথা ভেবে অনেক পরিবারের নারী ও শিশুদের পাঠিয়ে দেওয়া হয়েছে অন্য জায়গায়। তিনটি ব্যাংকে লুটপাট ও ব্যাংক ম্যানেজারকে অপহরণের পর পরিস্থিতি পর্যবেক্ষণে রোববার বান্দরবানে যান সেনাপ্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ। সকালেই তিনি বান্দরবান রিজিয়নের সিনিয়র অফিসারদের সঙ্গে বৈঠক করেন। পরে তিনি সাংবাদিকদের জানান, "শান্তি আলোচনা শুরুর পর তাদের বিশ্বাস করেছিলাম, কিন্তু তারা যেহেতু বিশ্বাসভঙ্গ করেছে, সুতরাং আর ছাড় দেওয়ার সুযোগ নেই। বান্দরবানে বিচ্ছিন্নতাবাদী দমনে কম্বাইন্ড অপারেশন শুরু করেছে যৌথ বাহিনী।" সেনাপ্রধান আরও বলেন, "শান্তি আলোচনার আড়ালে কুকি-চিন সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়েছে। তারা তাদের উদ্দেশ্য জাহির করে ফেলেছে। আমরা সেনাবাহিনী, র‍্যাব ও পুলিশ-সহ সবাই মিলে সমন্বিতভাবে এই পরিস্থিতি মোকাবিলা করব।" এসময় তিনি জানান, গতকাল (শনিবার) রাতে কিছু সন্ত্রাসীকে ধরতে বাহিনী সক্ষম হয়েছে। অভিযানে কিছু অস্ত্রও উদ্ধার করা হয়েছে। তার কথায়, "একটা প্রক্রিয়া শুরু হয়েছে। বান্দরবানে পরিস্থিতি নিয়ন্ত্রণে সক্ষম সেনাবাহিনী।" অভিযান কতখানি কার্যকর হচ্ছে তা নিয়ে একটা ব্যাখ্যাও দেন সেনাপ্রধান। তিনি এসময় বলেন, "আমি আপনাদের মাধ্যমে নিশ্চিত করতে চাই, বাংলাদেশের জনগণের শান্তির জন্য, বাংলাদেশের সার্বভৌমত্বের জন্য যা যা করণীয়, প্রধানমন্ত্রীর কড়া নির্দেশ সেটাই করতে হবে। সেটা বাস্তবায়নে আমরা সক্ষম হব বলে দৃঢ়ভাবে বিশ্বাস করি।" যৌথ অভিযান

কেমন হবে তা জানিয়ে সেনাপ্রধান বলেন, ”যৌথ অভিযানে নেতৃত্ব দিয়ে দায়িত্ব পালন করতে যা যা প্রয়োজনীয়, স্থানীয় কমান্ডারদের সাথে সেগুলো সমন্বয় করতে আমি এসেছিলাম। সেগুলোর সমন্বয় করা হয়েছে।„ ব্যাংক ডাকাতি ও অস্ত্র লুটের ঘটনায় বান্দরবানের থানচি ও রুমা থানায় আলাদা আলাদা মামলা দায়ের করা হয়েছে। ওই ঘটনায় জড়িতদের ধরতে চলছে অভিযান। থানচি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জসিম উদ্দিন বিবিসি বাংলাকে বলেন, ”থানচিতে সশস্ত্র সন্ত্রাসীদের তাণ্ডবের ঘটনায় দুটি মামলা হয়েছে। হামলাকারীদের শনাক্ত করে গ্রেফতার করতে অভিযান চালাচ্ছে যৌথ বাহিনী। থানচিতে গুরুত্বপূর্ণ স্থাপনা-সহ থানচি বাজার ও আশপাশের এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে।„ বান্দরবানের রুমা উপজেলায় ম্যানেজারকে অপহরণ ও অস্ত্র লুটের ঘটনায় ৪টি মামলা করা হয়েছে। ঐ ঘটনায় হামলাকারীদের চিহ্নিত করে গ্রেফতারের চেষ্টা চালাচ্ছে যৌথ বাহিনী। রবিবার সকালে বান্দরবানে বিশেষ অভিযান চালিয়ে কুকি চিন ন্যাশনাল ফ্রন্টের দুইজন নেতাকে আটক করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়ান (র‍্যাব)। আটককৃত এই দু'জন হলেন কেএনএফের প্রধান সমন্বয়ক রোয়ান লিন বম ও চেওসিম বম। তারা রোয়াংছড়ি দুর্নিবার পাড়া ও সুয়ালক শ্যারণ পাড়া গ্রামের বাসিন্দা। রোববার বিকেলে র‍্যাব ১৫-র কোম্পানি কমান্ডার লে. কর্নেল এসএম সাজ্জাদ হোসেন এ তথ্য জানান। র‍্যাব জানায়, রোয়াংছড়ি উপজেলায় জুরভাং পাড়া, খামতাং পাড়া, পাইনক্ষিয়াং পাড়া এবং রৌনিন পাড়া এলাকাগুলোয় সশস্ত্র কেএনএফ সদস্যদের নেতৃত্ব দিয়ে আসছিলেন চেওসিম বম ও রোয়ান লিন বম। আইনশৃংখলা বাহিনী আরও বলছে, কেএনএফ শীর্ষ নেতা নাথান বমের সঙ্গে আত্মীয়তার সম্পর্ক রয়েছে এই দুই ব্যক্তির। এই দুই নেতা আটক হলেও গত দুই বছর ধরে নিজেকে আড়ালে রেখেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের সাবেক ছাত্র নাথান বম। ব্যাংকে এই হামলা ও লুটপাটের নেপথ্যে তার সম্পৃক্ততা রয়েছে বলে ধারণা করা হচ্ছে। দেশের অন্যতম প্রধান পর্যটন এলাকা বান্দরবান। প্রতি বছর ঈদ মৌসুম এবং পহেলা বৈশাখকে কেন্দ্র করে হাজার হাজার পর্যটক আসেন এই বান্দরবানে। বান্দরবানের দুর্গম এলাকাগুলোতে সশস্ত্র সংগঠনগুলোর আনাগোনা বেড়ে যাওয়ায় গত বছরের একটা লম্বা সময় ধরে পার্বত্য অঞ্চলে পর্যটকদের ভ্রমণে নিষেধাজ্ঞা দেয় সরকার। গত জানুয়ারি মাসে এই নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয়। তার মাত্র দুই মাসের মাথায় বান্দরবানে এই ব্যাংক লুট ও সশস্ত্র হামলার ঘটনা ঘটল। তবে এই ঘটনার পরে আনুষ্ঠানিকভাবে কোনও নিষেধাজ্ঞা দেওয়া না হলেও গত চারদিনে পর্যটকশুন্য হয়ে পড়েছে এলাকা। রুমা কিংবা থানচি কোনও জায়গায় নতুন করে কোনও পর্যটক আসেননি। যারাও ছিলেন তারাও এরই মধ্যে এলাকা ত্যাগ করেছেন বলে জানিয়েছে উপজেলা প্রশাসন। বান্দরবানে ঘুরতে আসা পর্যটকদের জন্য ট্যুর গাইড হিসেবে দায়িত্ব পালন করে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান। সেই ট্যুর গাইডদের অ্যাসোসিয়েশন বলছে, ওই ঘটনার পর শুধুমাত্র থানচিতে এখনও পর্যন্ত প্রায় ৫০টি ট্যুর গ্রুপ তাদের ট্যুর বাতিল করেছে। ট্যুর অ্যাসোসিয়েশনের সভাপতি ম্যানুয়াল মারমা ইমন বিবিসি বাংলাকে বলেন, ”প্রতি ঈদের সময় বিভিন্ন গ্রুপ দল বেঁধে বান্দরবান ঘুরতে আসে। এবার ঈদের আগে অন্তত ৫৫ টি গ্রুপ এ পর্যন্ত বুকিং দিয়েছিল। কিন্তু ওই ঘটনার পর এর মধ্যে ৫০টি গ্রুপই ট্যুর ক্যান্সেল করেছে।” একই অবস্থা রুমা উপজেলায়। উপজেলা প্রশাসন বলছে, ওই ঘটনার পর প্রশাসনের পক্ষ থেকে এখনো কোনও বিজ্ঞপ্তি দেওয়া হয়নি। কিন্তু তারপরও কোনও পর্যটন এখনও আসছেন না বান্দরবানে। রুমা উপজেলার ভারপ্রাপ্ত ইউএনও দিদারুল আলম বিবিসি বাংলাকে বলেন, ”আমরা আনুষ্ঠানিকভাবে কোনও সিদ্ধান্ত নেই নাই। তবে পরিস্থিতির কারণে পর্যটক আসছে না। তবে সরকারের পক্ষ থেকে শিগগিরই নিষেধাজ্ঞার বিষয়টি আসতে পারে।„ (বিবিসি ওয়েব পেজ:০৭.০৪.২০২৪ রিহাব)

**সস্তায় গরুর মাংস রফতানির প্রস্তাব ব্রাজিলের, বাংলাদেশ চায় জীবন্ত গরু**

দক্ষিণ আমেরিকার দেশ ব্রাজিল বাংলাদেশে গরুর মাংস রফতানিতে আগ্রহী হলেও বাংলাদেশ চাইছে জীবন্ত গরু আমদানির সুযোগ। পাশাপাশি ব্রাজিল যেন তাদের বাজারে তৈরি পোশাক ও পাটের শুল্কমুক্ত রফতানি সুবিধা দেয়, বাংলাদেশ সেই দাবিও জানাচ্ছে। রোববার ঢাকা সফররত ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরোর সাথে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ ও বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটুর বৈঠকে এসব বিষয়ই উঠে এসেছে। রোববার সকালে ঢাকায় এসে বিকেলে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন মাউরো ভিয়েরো। ওই বৈঠকে কারিগরি সহযোগিতা বিষয়ক একটি চুক্তি ছাড়াও ক্রীড়া ক্ষেত্রে সহযোগিতার বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এটাই বাংলাদেশে ব্রাজিলের কোনও পররাষ্ট্রমন্ত্রীর প্রথম সফর। বৈঠকের পর বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী জুলাইয়ে ব্রাজিল সফরে যাবেন এবং আঞ্চলিক অর্থনৈতিক জোট 'ব্রিকসে'র সদস্য পদ লাভের ক্ষেত্রে ব্রাজিল বাংলাদেশকে সহায়তা করবে। ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকার সমন্বয়ে গঠিত ওই জোটটিতে যোগ দিতে গত অগাস্টে নতুন ছয়টি দেশ আমন্ত্রণ পেলেও বাংলাদেশ পায়নি। তবে বাংলাদেশ ব্রিকস ব্যাংকের সদস্য হয়েছে আগেই। ব্রাজিল আগে থেকেই বাংলাদেশে স্বল্পমূল্যে মাংসজাত পণ্য, বিশেষ করে গরুর মাংস রফতানির জন্য আগ্রহ প্রকাশ করে আসছিল। তবে ঢাকায় মি. ভিয়েরোর সাথে সাক্ষাতের পর বাংলাদেশের বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন মাংসজাত পণ্য নয়, বরং ব্রাজিল থেকে গরু আমদানি করতে চায় বাংলাদেশ। ”ব্রাজিল কম দামে মাংস উৎপাদন ও

রফতানি করতে পারে। সে বিষয়ে তারা বলেছে। কোরবানি সামনে রেখে আমি বলেছি সস্তা হলে লাইভ ক্যাটল (জীবন্ত গরু) আনার ব্যবস্থা করা যায় কি না। তারা দেখবে বলেছে,, বলছিলেন তিনি। বিশ্লেষকরা বলছেন ব্রাজিলের সঙ্গে বাণিজ্য সম্পর্ক জোরদার করা গেলে দক্ষিণ আমেরিকার গুরুত্বপূর্ণ কয়েকটি দেশের বাজারে প্রবেশের সুযোগ তৈরি হবে বাংলাদেশের জন্য। "ব্রাজিল অনেক বড় অর্থনীতির দেশ এবং এর বিশাল বাজারে ঢোকার সুযোগ পেলে বাংলাদেশ লাভবানই হবে। এটি এতদিন উপেক্ষিতই ছিল,, বিবিসি বাংলাকে বলছিলেন ব্রাজিলে বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত জুলফিকার রহমান। আর অর্থনীতিবিদ ড. মোস্তাফিজুর রহমান বলছেন দূরত্বজনিত কারণে বাণিজ্যে খরচ বৃদ্ধি-সহ কিছু চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও ব্রাজিলের বাজারের মাধ্যমে দক্ষিণ আমেরিকার অন্য বাজারগুলোতেও যেতে পারবে বাংলাদেশ। বাংলাদেশের অভ্যন্তরীণ বাজারে গত কয়েক মাস ধরেই আলোচনায় আছে গরুর মাংসের দাম। অনেকেই অভিযোগ করেন ভারত থেকে গরু আমদানি বন্ধ থাকার সুযোগে গরুর মাংসের দাম ব্যাপকভাবে বাড়িয়ে দিয়েছে এক শ্রেণির বিক্রেতা। এই নিয়ে শোরগোলের মধ্যেই খবর বেরোয় যে বাংলাদেশে মাংসজাত পণ্য হিসেবে গরুর মাংস রফতানির প্রস্তাব দিয়ে ব্রাজিল বলছে তারা কেজি প্রতি পাঁচশ টাকারও কম দামে গরুর মাংস সরবরাহ করতে পারবে। আজ ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের পর বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটুর বক্তব্যেও এর সত্যতা বেরিয়ে এসেছে। তবে তিনি বলেছেন, মাংস নয়; বরং কোরবানি ঈদ সামনে রেখে জীবন্ত গরুই আমদানি করতে চাইছে বাংলাদেশ। তিনি বলেছেন গরু বা মাংস নিয়ে আলোচনাটি প্রাথমিক পর্যায়ে আছে। "আমাদের এখানে প্রাণীজ আমিষ রেস্ট্রিকটেড। পোল্ট্রি ও অন্য মাংস আমরা আমদানি করি না। এখন বিষয়টি চূড়ান্ত অনুমোদন হলে দাম, হেলথ সার্টিফিকেশন, লাইসেন্সিং-সহ অন্য বিষয়ে আলোচনা হবে,, ব্রিফিংয়ে বলেছেন তিনি।

সাবেক রাষ্ট্রদূত জুলফিকার রহমান দু বছর ব্রাজিলে বাংলাদেশের রাষ্ট্রদূত ছিলেন। মি. রহমান বলছেন যে কৃষি ও পশু, এই দুই খাতে ব্রাজিল অনেকটা বিপ্লব করে ফেলেছে। "এক সময় তারাও আমদানি করত। কিন্তু গরুর জেনেটিক বিবর্তনে দারুণ সফল হয়ে দেশটি এখন গরুর দুধ ও মাংস উৎপাদনে অন্যতম শীর্ষ দেশ। তাদের এই প্রযুক্তি বাংলাদেশ আনতে পারলে অভ্যন্তরীণ উৎপাদন বহুগুণ বাড়ানো সম্ভব হবে,, বলছিলেন তিনি। মূলত কৃষি ও পশু খাতে নজিরবিহীন সাফল্যের কারণেই ব্রাজিলকে অনেকে এখন বিশ্বের `ফুড বাস্কেট, হিসেবে অভিহিত করেন। ব্রাজিল গত বছর চীন ও হংকং-সহ বিশ্বের ১২৬টি দেশে গরুর মাংস রফতানি করেছে। তবে বাংলাদেশে কিছু বড় ব্যবসায়ী গরুর মাংস ব্যবসায় (খামার ও মাংসজাত পণ্য) বিনিয়োগ করেছেন গত এক দশকে। গরু কিংবা মাংস আমদানির বিরুদ্ধে তাদের অবস্থান থাকায় সরাসরি মাংস আমদানির দিকে খুব একটা আগ্রহী নয় বাংলাদেশ। তৈরি পোশাকের মতো গুরুত্বপূর্ণ পণ্য বাংলাদেশ ব্রাজিলের বাজারে রফতানি করতে পারছে না কিছু বিধিনিষেধের কারণে। ব্রাজিল সেসব বিধি নিষেধ সরাতে বাংলাদেশে মাংস রফতানিতে জোর দিতে পারে বলেও মনে করছেন অনেকে। রাষ্ট্রদূত জুলফিকার রহমান বলছেন, বাংলাদেশ মাংস আমদানির ওপর যে বিধিনিষেধ দিয়ে রেখেছে সেটা বিশ্ব বাণিজ্য সংস্থার রুলসের সাথে সাংঘর্ষিক বলে মনে করে ব্রাজিল, যদিও বন্ধু রাষ্ট্র হিসেবে সেটি তারা ডব্লিউটিএ ফোরামে তোলেনি। "এখন দু'পক্ষ আলোচনা করে একটি সিদ্ধান্ত নিতে পারে", বলছিলেন তিনি। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ কয়েকদিন আগেই জানিয়েছিলেন যে বাংলাদেশ এখন ব্রাজিল থেকে মূলত ভোজ্য তেল-সহ কিছু পণ্য আমদানি করে। ভোজ্য তেল ছাড়া চিনি ও তুলাই প্রধানত বাংলাদেশ সেখান থেকে আমদানি করে থাকে। গত অর্থবছরে বাংলাদেশ ব্রাজিল থেকে ২ দশমিক ৩৫ বিলিয়ন ডলারের পণ্য আমদানি করেছে। আর রফতানি করেছে মাত্র ১৭৮ মিলিয়ন ডলারের পণ্য। এর মধ্যে ব্রাজিল থেকে তুলা আমদানিতে বাংলাদেশের অবস্থান চতুর্থ। রোববার সন্ধ্যায় ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর মি. মাহমুদ সাংবাদিকদের জানিয়েছেন যে বৈঠকে তিনি তুলা আমদানি বাড়ানো ছাড়াও ব্রাজিলে বাংলাদেশি পণ্যের ওপর শুল্ক কমানোর কথা বলেছেন। এছাড়া স্পেশাল ইকনোমিক জোনে ব্রাজিলের বিনিয়োগকারীদের বিনিয়োগ করতে আহবান জানিয়েছেন।

সাবেক রাষ্ট্রদূত জুলফিকার রহমান বলছেন ব্রাজিলের সাথে বাণিজ্য সম্পর্ক বাড়াতে পারলে বাংলাদেশের উপকৃত হবার সুযোগ রয়েছে। বিশেষ করে পশুসম্পদের 'ভ্যারাইটি প্রযুক্তি' এনে বাংলাদেশের অভ্যন্তরে কাজে লাগিয়ে দুধ ও মাংস উৎপাদন অনেকগুণ বাড়ানো সম্ভব বলে মনে করেন তিনি। প্রসঙ্গত, ভারত অনেক দিন ধরেই ব্রাজিলিয়ান গরুর সিমেন আমদানি করে থাকে। বাংলাদেশের বাণিজ্য প্রতিমন্ত্রী জানিয়েছেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীর সাথে বৈঠকে তিনিও তৈরি পোশাক ও পাট রফতানির জন্য ডিউটি ফ্রি অ্যাকসেস অর্থাৎ শুল্কমুক্ত সুবিধা চেয়েছেন। প্রসঙ্গত, এখন ৩০-৩৫ শতাংশ শুল্ক দিয়ে বাংলাদেশের তৈরি পোশাককে ব্রাজিলের বাজারে যেতে হয়। তবে বিশ্লেষক, কর্মকর্তা ও অর্থনীতিবিদরা মনে করেন দুটি বিষয়ে বাংলাদেশের বাণিজ্য সম্ভাবনা অনেক বেশি। এগুলো হলো তৈরি পোশাক খাত ও ঔষধ।এছাড়া বাংলাদেশে সরকার যে বিশেষ অর্থনৈতিক অঞ্চল করছে সেখানে ব্রাজিল বিনিয়োগ করলে দূরত্ব জনিত পরিবহন খরচ অনেকাংশ কমিয়ে আনা সম্ভব হবে। ব্রাজিল-সহ দক্ষিণ আমেরিকার আরও কয়েকটি দেশের সাথে বাংলাদেশ মুক্ত বাণিজ্য চুক্তি সম্পাদন করতে আগ্রহী এবং এটি হলে বাংলাদেশের জন্য ভালো হবে বলে মনে করছেন অর্থনীতিবিদ মোস্তাফিজুর রহমান। সাবেক রাষ্ট্রদূত জুলফিকার রহমান আবার বলছেন ব্রাজিলের ঔষধের বাজার প্রায় ত্রিশ বিলিয়ন

ডলারের এবং এর মধ্যে দশ বিলিয়ন ডলারের মতো তারা আমদানি করে। ”এটিই বাংলাদেশের অন্যতম সম্ভাবনার জায়গা। ইতোমধ্যে বড় দুটি কোম্পানি ওই বাজারে গেছে। আরও অনেক সুযোগ আছে, যা বাংলাদেশের নেওয়ার সম্ভাবনা তৈরি হতে পারে„, বলছিলেন তিনি।

অন্য দিকে তৈরি পোশাকের ক্ষেত্রে ব্রাজিল কিছু বিধি নিষেধ আরোপ করে রাখায় বাংলাদেশ চাইলেও রফতানি বাড়াতে পারছে না। এর আগেও সরকারি পর্যায়ে ব্রাজিলের কাছে বিষয়টি উপস্থাপন করেছে বাংলাদেশ। ”এই বিধিনিষেধের দেওয়ালটা ভাঙ্গা দরকার। সেটা হলে আমরা ঢুকতে পারব। আমার মনে হয় তারা যদি পশু বা মাংস রফতানি করতে চায় বাংলাদেশ বলতেই পারে যে আমরা গার্মেন্ট এন্ট্রি চাই„, বলছিলেন মি. রহমান। অবশ্য বাংলাদেশ যে মাংস আমদানি বন্ধ রেখেছে সেটি বিশ্ব বাণিজ্য সংস্থার রুলসের সাথে সাংঘর্ষিক, যা ব্রাজিল ইতোমধ্যেই নানাভাবে বলেছে। এছাড়া ব্রিকস-সহ বিভিন্ন আঞ্চলিক ফোরামে ব্রাজিল গুরুত্বপূর্ণ দেশ। বাণিজ্য ছাড়া তাদের অন্য কোনও ইস্যু না থাকাও বাংলাদেশের জন্য স্বস্তির বলে মনে করা হয়। অর্থনীতিবিদ মোস্তাফিজুর রহমান বলছেন ব্রাজিল অনেক দূরের দেশ হওয়াতে আমদানির ক্ষেত্রে পণ্য পরিবহনের খরচ বাড়ার চ্যালেঞ্জ সত্ত্বেও সেখানে বাংলাদেশের জন্য সম্ভাবনা আছে। ”ব্রাজিলে কিছু পণ্যের ওপর ট্যারিফ বিধিনিষেধ আছে। প্রেফারেন্সিয়াল ট্রেড এগ্রিমেন্ট করা গেলে শুল্ক সমস্যার সমাধান হবে। আর মনে রাখতে হবে যে ব্রাজিলের মার্কেটে ঢোকা মানে দক্ষিণ আমেরিকার অন্য বাজারে ঢোকার সুযোগ তৈরি হওয়া„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ:০৭.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### সাবের হোসেন চৌধুরী: ‵বাংলাদেশ ফিলিস্তিনের জনগণের পক্ষে আছে, থাকবে,

বাংলাদেশ সব সময় ফিলিস্তিনের স্বাধীনতাকামী জনগণের পক্ষে থাকবে বলে জানিয়েছেন দেশটির পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। রবিবার (৭ এপ্রিল) অর্গানাইজেশন অফ ইসলামিক কো-অপারেশন, ওআইসিভুক্ত দেশসমূহের দূতাবাস, কুয়েত সোসাইটি ফর রিলিফ-বাংলাদেশ অফিস এবং সোসাইটি ফর সোস্যাল অ্যান্ড টেকনোলজিকাল সাপোর্ট, কুয়েতের সৌজন্যে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে খাদ্যসামগ্রী বিতরণ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। সাবের হোসেন চৌধুরী বলেন, মানবাধিকারের সর্বোচ্চ লঙ্ঘন হচ্ছে ফিলিস্তিনে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিলিস্তিনে ইসরাইলের আগ্রাসনের নিন্দা করেছেন; এছাড়া ফিলিস্তিনের মুক্তি না হওয়া পর্যন্ত বাংলাদেশ ফিলিস্তিনের পক্ষে থাকবে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী। বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসেফ এস ওয়াই রামাদান বলেন, ”আমরা বাংলাদেশি ভাই-বোনদের অবদান কখনো ভুলব না। ফিলিস্তিন স্বাধীন হলে, আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করব, বাংলাদেশের ভাই-বোনেরা আমাদের পাশে ছিলেন। (ভোয়া ওয়েব পেজ: ০৭.৯৪.২০২৪ রুবাইয়া)

### বাইডেন ত্রিপক্ষীয় বৈঠকে আমন্ত্রণ জানাবেন জাপান ও ফিলিপাইনের নেতাদের

দক্ষিণ চীন সাগরে ত্রিপক্ষীয় সামুদ্রিক সহযোগিতা জোরদার করার লক্ষ্যে, হোয়াইট হাউসে একটি শীর্ষ সম্মেলনের আয়োজন করতে যাচ্ছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা এবং ফিলিপাইনের রাষ্ট্রপতি ফার্দিনান্দ মার্কোস জুনিয়রকে সেখানে স্বাগত জানাবেন তিনি। বৃহস্পতিবার যুক্তরাষ্ট্র ও তার দুই এশীয় মিত্রের মধ্যে প্রথমবারের মতো এই বৈঠক হতে যাচ্ছে। এশিয়ায় যুক্তরাষ্ট্রের প্রভাব বাড়াতে, প্রেসিডেন্ট বাইডেন দীর্ঘমেয়াদি পরিকল্পনা হাতে নিয়েছেন। এই কৌশলের অংশ হিসেবে, তিনি ইতোমধ্যে প্রতিষ্ঠিত দ্বিপাক্ষিক সম্পর্কগুলোর পরিসর বাড়াতে চাইছেন। যুক্তরাষ্ট্র, জাপান ও ফিলিপাইনের ত্রিপক্ষীয় চুক্তিতে, দক্ষিণ চীন সাগরে নৌ চলাচলের স্বাধীনতার ওপর গুরুত্ব দেয়া হয়েছে। উত্তর কোরিয়ার হুমকি মোকাবেলায়, সতর্কতা হিসেবে গত বছর জাপান ও দক্ষিণ কোরিয়ার সঙ্গে একই ধরণের বৈঠক করেছিলেন বাইডেন। ত্রিপক্ষীয় সামুদ্রিক সহযোগিতার জোরদার করতে চায় ম্যানিলা। আর, ম্যানিলা এটা করতে চায় ত্রিপক্ষীয় নৌ-টহলের মধ্য দিয়ে। আর, এই উদ্যোগ নেয়া হলে, বেইজিং তীব্র প্রতিক্রিয়া জানাবে বলে ধারণা করা হচ্ছে। যুক্তরাষ্ট্রে নিযুক্ত ফিলিপাইনের রাষ্ট্রদূত হোসে ম্যানুয়েল রোমুয়ালদেজ গত সপ্তাহে এক ব্রিফিং-এ সংবাদদাতাদের বলেন, যৌথ টহলের বিষয়টি নিয়ে তিনি জাপান ও যুক্তরাষ্ট্রের সঙ্গে ইতোমধ্যেই বিস্তারিত আলোচনা করেছেন। আর, এই উদ্যোগ শীঘ্রই ফলপ্রসু হবে বলে মনে করছেন তিনি। হোয়াইট হাউস এ বিষয়ে সরাসরি কোন মন্তব্য করতে অস্বীকার করেছে। তবে, হোয়াইট হাউসে আয়োজিত এক ব্রিফিংয়ে বৃহস্পতিবার জাতীয় নিরাপত্তা মুখপাত্র জন কিরবি ভয়েস অব আমেরিকার এক প্রশ্নের জবাবে বলেন, নেতারা তাদের বৈঠকে এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনা করবেন। পেন্টাগনের প্রেস সেক্রেটারি প্যাট রাইডার ভয়েস অফ আমেরিকাকে বলেন, তাদের লক্ষ্য দক্ষিণ চীন সাগরে ইন্দো-প্যাসিফিক অঞ্চলকে উন্মুক্ত রাখার বিষয়ে এবং পুরো অঞ্চলে নিরাপত্তা ও স্থিতিশীলতা নিশ্চিত করার বিষয়ে উদ্যোগ অব্যাহত থাকবে। গত কয়েক সপ্তাহ ধরে চীনা উপকূলরক্ষী জাহাজগুলো ফিলিপাইনের জাহাজের বিরুদ্ধে জল কামান মোতায়েন করেছে। এমন উত্তেজনার প্রেক্ষাপটে এই বৈঠক হতে যাচ্ছে। ১৯৯৯ সাল থেকে, ফিলিপাইনের সৈন্যরা দক্ষিণ চীন সাগরের স্প্র্যাটলি দ্বীপপুঞ্জের ওপর তাদের দেশের সার্বভৌমত্বের দাবি বজায় রাখার চেষ্টা চালিয়ে যাচ্ছে। ১৯৫১ সালে সম্পাদিত পারস্পরিক প্রতিরক্ষা চুক্তির অধীনে ফিলিপাইন

যুক্তরাষ্ট্রের অন্যতম মিত্রদেশ। এর অর্থ হলো, চীনের সাথে স্প্র্যাটলি দ্বীপপুঞ্জ নিয়ে ফিলিপাইনের সংঘাত, যুক্তরাষ্ট্রের জন্য পরোক্ষভাবে একটি সমস্যা। (ভোয়া ওয়েব পেজ: ০৭.০৪.২০২৪ রুবাইয়া)

**অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তিতে বাংলাদেশের আগ্রহকে স্বাগত জানালেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী**

সাউদার্ন কমন মার্কেটের সঙ্গে অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তিতে (পিটিএ) পৌঁছানোর জন্য বাংলাদেশের আগ্রহকে স্বাগত জানিয়েছেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরা। রবিবার (৭ এপ্রিল) বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে উভয় পক্ষ এ বিষয়ে একমত প্রকাশ করেন। তারা মনে করেন, এই চুক্তির প্রচেষ্টা বাংলাদেশ, ব্রাজিল ও অন্যান্য মার্কোসার রাষ্ট্রগুলোর মধ্যে ব্যবসার সুযোগ বাড়াবে এবং বেসরকারি খাতের যোগাযোগ জোরদার করবে; যা সাউথ-সাউথ কো-অপারেশন বাড়াতে অবদান রাখবে। বৈঠকে যত দ্রুত সম্ভব হয় মার্কোসার-বাংলাদেশ পিটিএ নিয়ে আলোচনার প্রক্রিয়া শুরু করার লক্ষ্যে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন দুই পররাষ্ট্রমন্ত্রী।মার্কোসার বা সাউদার্ন কমন মার্কেট হলো, আর্জেন্টিনা, ব্রাজিল, প্যারাগুয়ে ও উরুগুয়ে নিয়ে গঠিত একটি অর্থনৈতিক ও রাজনৈতিক ব্লক। এর আগে সহযোগী সদস্য থাকা বলিভিয়া ২০২৩ সালে পূর্ণ সদস্যপদ লাভ করে।রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় মাউরো ভিয়েরা ও হাছান মাহমুদের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কারিগরি সহযোগিতা বিষয়ক মৌলিক চুক্তি সইকে স্বাগত জানান দুই পররাষ্ট্রমন্ত্রী। মাউরো ভিয়েরা ব্রাজিলের প্রথম পররাষ্ট্রমন্ত্রী, যিনি বাংলাদেশ সফর করছেন। বৈঠকে বাংলাদেশ-ব্রাজিল দ্বিপাক্ষিক সম্পর্ক, আন্তর্জাতিক ও আঞ্চলিক উদ্যোগ এবং বহুপাক্ষিক সহযোগিতা নিয়ে আলোচনা হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। পররাষ্ট্র মন্ত্রণালয় আরো জানায়, কৃষি, পশুসম্পদ, বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন, শিক্ষা, জলবায়ু পরিবর্তন ও জ্বালানি রূপান্তর এবং কারিগরি সহযোগিতাসহ অন্যান্য ক্ষেত্রে সহযোগিতা ও বিনিময় বাড়ানোর গুরুত্বের বিষয়ে একমত প্রকাশ করেছেন দুই পররাষ্ট্রমন্ত্রী। দুই দেশের ক্রীড়া মন্ত্রণালয়ের মধ্যে সই হতে যাওয়া ক্রীড়া সহযোগিতাসংক্রান্ত সমঝোতা স্মারকের আলোচনা সম্পন্ন হওয়ায়, মন্ত্রীদ্বয় সেই উদ্যোগকে স্বাগত জানান। দ্বিপক্ষীয় বিষয় নিয়ে আলোচনা এবং বাংলাদেশের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগের সম্পর্ক জোরদার করতে রবিবার সকালে ঢাকায় আসেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মাউরো ভিয়েরাকে স্বাগত জানান বাংলাদেশের পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। সোমবার (৮ এপ্রিল) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করবেন দক্ষিণ আমেরিকার দেশ ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী। এর আগে, রবিবার বিকেলে ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন এবং হাছান মাহমুদের সঙ্গে সাক্ষাতের আগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীর সফরকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে বর্ণনা করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সোমবার (৮ এপ্রিল) রাত ১১টা ৫৫ মিনিটে ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীর ঢাকা ত্যাগ করার কথা রয়েছে। (ভোয়া ওয়েব পেজ: ০৭.০৪.২০২৪ রুবাইয়া)

**বান্দরবানে কেএনএফ,র প্রধান সমন্বয়ক গ্রেপ্তার**

কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) প্রধান সমন্বয়ক চেওসিম বমকে গ্রেপ্তার করেছে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)। রবিবার (৭ এপ্রিল) বান্দরবান সদর উপজেলার সুলক এলাকার বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। বান্দরবান জেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে র‌্যাব-১৫ এর অধিনায়ক কর্নেল সাজ্জাদ এ তথ্য জানান। এই অভিযানকে, কেএনএফ-এর কার্যক্রম মোকাবেলায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে উল্লেখ করেন তিনি। কেএনএফ প্রধান নাথান বমের সঙ্গে যুক্ত হয়ে একটি সাংস্কৃতিক সংগঠনের নাম করে সংগঠনটি গড়ে তুলেছিলেন রোয়াল লিন বম ও চেওসিম বম;„ কর্নেল সাজ্জাদ আরো জানান। এর আগে অস্ত্রসহ দুই সন্দেহভাজন কেএনএফ সদস্যকে গ্রেপ্তার করা হয়। শনিবার (৬ এপ্রিল) রুমা ও থানচি উপজেলায় শতাধিক সদস্য অভিযান চালায়। বান্দরবানে সন্ত্রাসবিরোধী বৃহত্তর উদ্যোগের অংশ হিসেবে র‌্যাব এই অভিযান পরিচালনা করে। র্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক খন্দকার আল মঈন এই অভিযান শুরুর বিষয়ে গণমাধ্যমকে জানান। সংবাদ সম্মেলনে সোনালী ব্যাংকের রুমা শাখার অপহৃত ম্যানেজার নিজাম উদ্দিনকে উদ্ধার এবং থানচি উপজেলায় ব্যাংক ডাকাতিসহ কেএনএফ এর অপরাধমূলক কর্মকাণ্ডের কথা তুলে ধরা হয়। এসব কর্মকাণ্ডের পরিপ্রেক্ষিতে, রুমা ও থানচি থানায় আটটি মামলা দায়ের করা হয়েছে বলে জানানো হয়।

**কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ)**

বান্দরবানে নতুন সশস্ত্র সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) ২০২২ সালের এপ্রিলে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে। কেএনএফের ঘোষণা ও বিভিন্ন সময়ে গণমাধ্যমের উদ্দেশে দেয়া বক্তব্য অনুযায়ী, বান্দরবান ও রাঙ্গামাটি জেলার অন্তত ছয়টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে তারা। এ সময় তারা ফেসবুকে রাঙামাটির বাঘাইছড়ি, বরকল, জুরাছড়ি ও বিলাইছড়ি এবং বান্দরবানের রোয়াংছড়ি, রুমা, থানচি, লামা ও আলীকদম উপজেলাগুলোর সমন্বয়ে পৃথক রাজ্যের দাবি করে। এদিকে, কেএনএফ পাহাড়ে তাদের আস্তানায় সমতলের নতুন জঙ্গি সংগঠন জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্কীয়ার সদস্যদের সশস্ত্র প্রশিক্ষণ দিয়েছিল বলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ইতিপূর্বে

গণমাধ্যমকে জানিয়েছিলো। সেই আস্তানায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ২০২৩ সালে অভিযান চালিয়ে জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়া ও কেএনএফের বেশ কয়েক সদস্যকে গ্রেপ্তার করে।

**যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা ও র‍্যাব**

উল্লেখ্য, ২০২১ সালের ১০ ডিসেম্বর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র‍্যাবের সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। দেশটির ট্রেজারি ডিপার্টমেন্ট ও পররাষ্ট্র দপ্তর পৃথকভাবে এই নিষেধাজ্ঞা দেয়। এই কর্মকর্তাদের মধ্যে র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের সাবেক আইজি বেনজীর আহমেদ, র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের বর্তমান আইজি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) খান মোহাম্মদ আজাদ, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) তোফায়েল মোস্তাফা সরোয়ার, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. জাহাঙ্গীর আলম ও সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. আনোয়ার লতিফ খানের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর পৃথক এক ঘোষণায় বেনজীর আহমেদ এবং র‍্যাব ৭–এর সাবেক অধিনায়ক মিফতাহ উদ্দীন আহমেদের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে। যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের প্রকাশিত বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), মাদক দ্রব্যের বিরুদ্ধে সরকারের লড়াইয়ে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের জন্য অভিযুক্ত। এতে বলা হয়েছে যে, তারা আইনের শাসন, মানবাধিকারের মর্যাদা ও মৌলিক স্বাধীনতা এবং বাংলাদেশের জনগণের অর্থনৈতিক সমৃদ্ধিকে ক্ষুণ্ন করে। এটি যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা স্বার্থের বিরুদ্ধে হুমকি হয়ে দাঁড়িয়েছে। র‍্যাব হচ্ছে ২০০৪ সালে গঠিত একটি সম্মিলিত টাস্ক ফোর্স। তাদের কাজের মধ্যে রয়েছে অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করা, অপরাধীদের কর্মকান্ড সম্পর্কে গোপন তথ্য সংগ্রহ এবং সরকারের নির্দেশে তদন্ত পরিচালনা করা। বিবৃতিতে আরো বলা হয়, বাংলাদেশের বেসরকারি প্রতিষ্ঠানগুলো বা এনজিওদের অভিযোগ হচ্ছে যে, র‍্যাব ও বাংলাদেশের অন্য আইন প্রয়োগকারী সংস্থা, ২০০৯ সাল থেকে ৬০০ ব্যক্তির গুম হয়ে যাওয়া এবং ২০১৮ সাল থেকে বিচার বহির্ভূত হত্যা ও নির্যাতনের জন্য দায়ী। কোনো কোনো প্রতিবেদনে বলা হয়েছে যে, এই সব ঘটনার শিকার হচ্ছে বিরোধী দলের সদস্য, সাংবাদিক ও মানবাধিকার কর্মীরা। (ভোয়া ওয়েব পেজ: ০৭.০৪.২০২৪ রুবাইয়া)

## বুয়েটে ছাত্র রাজনীতির কি কোনো প্রয়োজন

২০১৯ সালে আবরার ফাহাদ নামের বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) এক শিক্ষার্থীকে একটি হলে পিটিয়ে হত্যার ঘটনা ঘটে। এরপর শিক্ষার্থীদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে বুয়েট ক্যাম্পাসে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করা হয়। আবরার ফাহাদকে হত্যার ঘটনায় অভিযুক্ত সবাই ছিলেন বাংলাদেশের ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠনের বুয়েট শাখার নেতাকর্মী। এ ঘটনায় করা মামলার রায় হয় ২০২১ সালে। ওই রায়ে ২০ জনকে মৃত্যুদণ্ড এবং পাঁচজনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। আবরার হত্যাকাণ্ডের পর থেকে বুয়েটে ছাত্র রাজনীতি নিষিদ্ধ ছিল। এ ঘটনার প্রায় সাড়ে চার বছর পর আবারও আলোচনায় বুয়েটে ছাত্র রাজনীতির প্রসঙ্গ। গত ২৭ মার্চ মধ্যরাতের পর ছাত্রলীগের কিছু নেতাকর্মী বুয়েট ক্যাম্পাসে প্রবেশ করেন এবং রাজনৈতিক কার্যক্রম চালান, এমন অভিযোগ তুলেছেন শিক্ষার্থীরা। এ ঘটনার বিরুদ্ধে আন্দোলনের অংশ হিসেবে ছাত্ররা টার্ম ফাইনাল পরীক্ষাসহ সব ধরনের একাডেমিক কার্যক্রম বর্জন করে। আন্দোলনকারী শিক্ষার্থীদের দাবির মুখে বুয়েটের হল থেকে ইমতিয়াজ হোসেন নামের এক শিক্ষার্থীর সিট (আসন) বাতিল করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

**ইমতিয়াজ বুয়েটের পুরকৌশল বিভাগের ছাত্র।**

তিনি ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য। আবরার ফাহাদকে হত্যার পর ২০১৯ সালের ১১ অক্টোবর ছাত্র রাজনীতি নিষিদ্ধ করে যে জরুরি বিজ্ঞপ্তি জারি করেছিল বুয়েট কর্তৃপক্ষ, তার বৈধতা নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানটির শিক্ষার্থী ইমতিয়াজ হোসেন রিট করেছিলেন। রিটের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি মো. খসরুজ্জামান ও বিচারপতি কে এম জাহিদ সারওয়ারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ রুলসহ যে আদেশ দেন, সেখানে বুয়েটে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করে বিশ্ববিদ্যালয় প্রশাসনের দেওয়া প্রজ্ঞাপনটি স্থগিত করা হয়। ফলে বুয়েটে ছাত্র রাজনীতি করার ক্ষেত্রে কোনো বাধা নেই। যদিও প্রতিষ্ঠানটির শিক্ষার্থীদের বড় একটা অংশ ক্যাম্পাসে ছাত্র রাজনীতি নিষিদ্ধ থাকার পক্ষে। তবে ক্ষমতাসীন আওয়ামী লীগের ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ বুয়েটে `নিয়মতান্ত্রিক, ছাত্র রাজনীতির পক্ষে অবস্থান নিয়েছে। আর বুয়েটে ছাত্ররাজনীতি নিয়ে ছাত্রলীগ ও শিক্ষার্থীদের দ্বিমুখী অবস্থানের মধ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ক্যাম্পাসে `ছাত্র সংসদ নির্বাচন ও রাজনৈতিক ছাত্র সংগঠনগুলোর সহাবস্থানের, দাবি জানিয়েছে। এমন পেক্ষাপটে বুয়েটের মতো শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র রাজনীতির প্রয়োজনীয়তা কতটা এবং কেন তা নিয়ে সর্বত্র চলছে জোর আলোচনা।

**এটা আপনি প্রকাশ্যে করতে না দিলে গোপনে করবে- হাসানুল হক ইনু**

ছাত্ররা পড়ালেখা বাদ দিয়ে হৈ হৈ করে বেড়াচ্ছে, তাদের তো প্রতিনিধি নাই। মানুষ মারা গেছে তার জন্য ফাঁসি হয়ে গেছে। কর্তৃপক্ষও বিষয়গুলো সমাধান করার চেষ্টা করেছে। এপরপও ছাত্র রাজনীতি থাকবে কি থাকবে না এই কথা

কেন আসলো? এই কথাটাই একটা অরাজনৈতিক কথা। বুয়েট প্রসঙ্গে জানতে চাইলে জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ সভাপতি হাসানুল হক ইনু ভয়েস অফ আমেরিকাকে বলেন, পৃথিবীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদের প্রতিনিধি থাকে, সংসদ থাকে। সেটা তারা স্বাধীনভাবে তাদের মতের ভিত্তিতে করে, "বাংলাদেশে সাংবিধানিকভাবেও ১৮ বছরের পরে ছাত্ররা যেখানে পড়বে সেখানে সংগঠন করতে পারবে। এটা তাদের অধিকার। ফলে ছাত্র রাজনীতি থাকা না থাকার বিতর্ক যারা করছেন, এটা যথার্থ বিতর্ক নয়। সমস্যা নিয়ে আমরা কথা বলবো কিন্তু সমস্যা সমাধান করা বাদ দিয়ে অন্য বিষয়ে আলোচনা সরিয়ে নেওয়া ভালো হচ্ছে না। মাথা ব্যাথা হলে মাথা কেটে ফেলার প্রেসক্রিপশন দেওয়া উচিত নয় বলেও মন্তব্য করেন তিনি। হাসানুল হক ইনু বলেন, "আজকে যে আন্দোলন হচ্ছে, এখানে যদি ছাত্র সংসদ থাকতো, তারা কর্তৃপক্ষের সঙ্গে আলাপ-আলোচনা করে সমস্যার সমাধান করতে পারতো। ছাত্ররা পড়ালেখা বাদ দিয়ে হৈ হৈ করে বেড়াচ্ছে, তাদের তো প্রতিনিধি নাই। মানুষ মারা গেছে তার জন্য ফাঁসি হয়ে গেছে। কর্তৃপক্ষও বিষয়গুলো সমাধান করার চেষ্টা করেছে। এপরপও ছাত্র রাজনীতি থাকবে কি থাকবে না এই কথা কেন আসলো? এই কথাটাই একটা অরাজনৈতিক কথা। এগুলো সমাজের জন্য ভালো লক্ষণ নয়। তিনি আরও বলেন, ১৮ বছরের ছেলে মেয়েরা তো বিভিন্ন মতের চর্চা করবেই। এখন এটা আপনি প্রকাশ্যে করতে না দিলে গোপনে করবে।"

**ছাত্র রাজনীতির নামে ছাত্রলীগ আসলে বুয়েটে সন্ত্রাস-নির্যাতন করার অধিকার চাচ্ছে- আসিফ নজরুল**

শুধু ছাত্রলীগ নয়, প্রকৃত ছাত্র রাজনীতি থাকলে শুধু বুয়েট কেন সব জায়গায় সকল ছাত্র সংগঠন থাকতে হবে। কিন্তু ছাত্র রাজনীতির নামে ছাত্রলীগ আসলে বুয়েটে 'সন্ত্রাস-নির্যাতন' করার অধিকার চাচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আসিফ নজরুল মনে করেন, "শুধু ছাত্রলীগ নয়, প্রকৃত ছাত্র রাজনীতি থাকলে শুধু বুয়েট কেন সব জায়গায় সকল ছাত্র সংগঠন থাকতে হবে। কিন্তু ছাত্র রাজনীতির নামে ছাত্রলীগ আসলে বুয়েটে 'সন্ত্রাস-নির্যাতন' করার অধিকার চাচ্ছে। এ বিষয়ে ভয়েস অফ আমেরিকাকে ড. আসিফ নজরুল আরও বলেন, "ছাত্রলীগ শুধু বুয়েট কেন বাংলাদেশের কোনও ক্যাম্পাসেই ছাত্র রাজনীতি করে না। ছাত্র রাজনীতি মানে গণতন্ত্রের পক্ষে সংগ্রাম করা। মানবাধিকারের পক্ষে সংগ্রাম করা। শিক্ষা অধিকারের পক্ষে সংগ্রাম করা। তারা (ছাত্রলীগ) তো এগুলো করেই না, বরং যারা গণতন্ত্র হত্যা করেছে, ভুয়া নির্বাচন করেছে, দেশের সম্পদ পাচার করেছে, দুর্নীতি করেছে, মানুষের উপর অত্যাচার করেছে, গুম করেছে, ছাত্রলীগ তাদের পাহারাদার হিসাবে কাজ করে। এটা তো ছাত্র রাজনীতি নয়। ছাত্রলীগ বুয়েটেও ছাত্র রাজনীতি করতে চাচ্ছে না বলে উল্লেখ করে তিনি বলেন, "তারা চাচ্ছে বুয়েটে থেকে কেউ যেন কখনো সরকারের বিরুদ্ধে কথা বলতে না পারে। তারা যেন 'দাস' হয়ে থাকে, এই ধরনের একটা 'নির্যাতনতন্ত্র' তারা করতে চায়। যা তারা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানেও করেছে। ছাত্র রাজনীতির নামে তারা সন্ত্রাস-নির্যাতন করার অধিকার চাচ্ছে।"

**ছাত্রলীগের নামে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যা হচ্ছে, এটা বুয়েটে হওয়া উচিত না- শফি আহমেদ**

তবে ছাত্রলীগ গেলেই যে বুয়েট অনিরাপদ হয়ে যাবে এমনটা মনে করেন না সাবেক ছাত্রনেতা শফী আহমেদ। এখন ছাত্রলীগ গেলেই যে বুয়েট অনিরাপদ হয়ে যাবে আমি সেটা মনে করি না। কিন্তু, ছাত্রলীগের নামে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যা হচ্ছে, এটা বুয়েটে হওয়া উচিত না। ভয়েস অফ আমেরিকাকে তিনি বলেন, অনেক দেশে প্রাসঙ্গিক না হলেও বাংলাদেশের অভ্যুদয়ের সঙ্গে ছাত্র রাজনীতির সম্পর্ক যুগান্তকারী। তবে এখন ছাত্র রাজনীতিতে আদর্শের জায়গা হারিয়ে ফেলে ছাত্র সংগঠনগুলো 'লেজুরবৃত্তির' সংগঠনে পরিণত হয়েছে বলে মন্তব্য করেন তিনি। শফী আহমেদ বলেন, "মহান মুক্তিযুদ্ধ এবং ৯০ এর আন্দোলনেও কিন্তু বুয়েটের ভূমিকা ছিল অনস্বীকার্য। সেই বুয়েটে ছাত্র রাজনীতি কেন বন্ধ হলো? এটার ক্ষেত্রে যে জিনিসটা ঘটেছে সেটা মর্মান্তিক ঘটনা। আবরার ফাহাদ হত্যাকাণ্ড। তখন কিন্তু সমাজে একটা নাড়া পড়ে গিয়েছিল। সেই প্রেক্ষিতে তারা ছাত্র রাজনীতি বন্ধ করে। এখন হাইকোর্ট সিদ্ধান্ত দিয়েছে ছাত্র রাজনীতি চলবে। ছাত্রলীগও সেখানে রাজনীতি করতে চাচ্ছে। আবার দেখছি বুয়েটের ছাত্ররা তা চাচ্ছে না। তারা চাচ্ছে বুয়েটকে নিরাপদ রাখতে। এখন ছাত্রলীগ গেলেই যে বুয়েট অনিরাপদ হয়ে যাবে আমি সেটা মনে করি না। কিন্তু, ছাত্রলীগের নামে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যা হচ্ছে, এটা বুয়েটে হওয়া উচিত না।

**বাংলাদেশের কোনও শিক্ষা প্রতিষ্ঠানেই দলীয় ছাত্র রাজনীতির প্রয়োজনীয়তা নাই- নূর**

বর্তমান পেক্ষাপটে দলীয় ছাত্র রাজনীতির প্রয়োজনীয়তা না থাকলেও সকল কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র সংসদ নির্বাচন ভালো প্রক্রিয়া হতে পারে বলে করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের সাবেক ভিপি এবং গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নূর। আমি মনে করি শুধু বুয়েট না, বাংলাদেশের কোনও শিক্ষা প্রতিষ্ঠানেই আসলে দলীয় ছাত্র রাজনীতির এখন প্রয়োজনীয়তা নাই।...আমি মনে করি সকল কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র সংসদ নির্বাচন ভালো পক্রিয়া হতে পারে। ছাত্র সংসদ নির্বাচন হলে সেটা আগামীর বাংলাদেশ বির্নিমানেও অসাধারণ ভূমিকা রাখতে পারবে। ভয়েস অফ আমেরিকাকে তিনি বলেন, "আমি মনে করি শুধু বুয়েট না, বাংলাদেশের কোনও শিক্ষা প্রতিষ্ঠানেই আসলে দলীয় ছাত্র রাজনীতির এখন প্রয়োজনীয়তা নাই। দলীয় ছাত্র রাজনীতি বলতে যা বুঝায় বিশেষ করে ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠনের (যখন যে দল ক্ষমতায় থাকে) মাধ্যমে মূলত শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নিয়ন্ত্রণ করার জন্য দলীয় পেশি-শক্তি ও কালো টাকার অসুস্থ রাজনীতি ছাত্র ও তরুণদের মাঝে ঢুকিয়ে দেওয়া হয়। নূর মনে

করেন, নির্বাচন কমিশনের আরপিওতে যেটা বলা আছে, ছাত্র সংগঠন রাজনৈতিক দলের অঙ্গ সংগঠন হতে পারবে না। এটার জন্য একটা জাতীয় ঐক্যমতের প্রয়োজন। এ প্রসঙ্গে তিনি বলেন, "তবে সেক্ষেত্রে একটা প্রশ্ন থেকে যায়, ছাত্র সংগঠনের রাজনীতি না থাকলে তো আমাদের ছাত্ররা দেশ ও সমাজ নিয়ে তাদের ভাবনা, এগুলো থেকে পিছিয়ে পড়বে। তারা শুধু পাঠ্যপুস্তকেই মুখ গুজে থাকবে। সেজন্য আমি মনে করি সকল কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র সংসদ নির্বাচন ভালো পক্রিয়া হতে পারে। ছাত্র সংসদ নির্বাচন হলে সেটা আগামীর বাংলাদেশ বিনির্মানেও অসাধারণ ভূমিকা রাখতে পারবে। কারণ ছাত্র সংসদ নির্বাচন হলে মেধাবী, সৎ, সাহসী এবং যারা পরোপকারী ও বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক কাজের মধ্য দিয়ে ছাত্রদের মাঝে পরিচিত তারা প্রতিনিধি নির্বাচিত হবে।

**আদালত তার সিদ্ধান্ত পরিবর্তন করবে, আমরা এমনটা আশা করছি- আবরার ফাইয়াজ**

যে কোনও পরিস্থিতিতেই ক্যাম্পাসে সাংগঠনিক ছাত্র রাজনীতির বিপক্ষে নিহত বুয়েট ছাত্র আবরার ফাহাদের ছোট ভাই আবরার ফাইয়াজ।

এই বিষয়গুলো বিবেচনায় নিয়ে আদালত তার সিদ্ধান্ত পরিবর্তন করবে, আমরা এমনটা আশা করছি।

ভয়েস অফ আমেরিকাকে তিনি বলেন, "আমি নিজেও বুয়েটের ছাত্র। সর্বোচ্চ ১৫ জনও কিন্তু বলেনি তারা বুয়েটে রাজনীতি ফিরে চায়। অ্যালামনাইসহ বাকি সবাই কিন্তু বলছে তারা রাজনীতি চায় না। হ্যাঁ, এখন আদালত থেকে একটা রায় দেওয়া হয়েছে, সেখানে বলা হয়েছে সাধারণ শিক্ষার্থীরা চায়, কিন্তু আসলেই সাধারণ শিক্ষার্থীরা চায় কি-না সেটা সঠিকভাবে আদালতে উপস্থাপন হয়েছে কি না সেটাও আমরা জানি না। আমার মতামত হচ্ছে, যেহেতু সাধারণ শিক্ষার্থীরা কেউই চায় না ফলে সেটা এভাবেই বিবেচনা করা উচিত। ফলে এই বিষয়গুলো বিবেচনায় নিয়ে আদালত তার সিদ্ধান্ত পরিবর্তন করবে, আমরা এমনটা আশা করছি।"

**অ্যাডভোকেসি করার জন্য একটি প্ল্যাটফর্ম হিসাবে আমরা ছাত্র রাজনীতি চেয়েছি- সাদ্দাম হোসেন**

বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ভয়েস অফ আমেরিকাকে বলেন, "আমরা চাই বুয়েট বিশ্বের শীর্ষ প্রযুক্তি শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হোক। একই সঙ্গে শিক্ষার্থীরা গণতান্ত্রিক মূল্যবোধে উন্নত হবে, সাংস্কৃতিকভাবে ঋদ্ধ থাকবে। শিক্ষার্থীদের মধ্যে বার্গেনিং ক্যাপাসিটি থাকবে, যাতে করে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের সঙ্গে দরকষাকষি করে শিক্ষার্থীদের অধিকার আদায়ে গুরুত্বপূর্ন ভূমিকা রাখতে পারে। লিডারশীপ মানে তো শুধু পলিটিক্যাল লিডারশীপ নয়, লিডারশীপ মানে হচ্ছে, তারা ভবিষ্যতে উদ্যোক্তা হবে, উদ্ভাবনে সম্পৃক্ত হবে। সৃজনশীলভাবে বিভিন্ন কর্মকাণ্ডে নেতৃত্ব দেবে।" তিনি বলেন, "আমরা এমন ধরনের ছাত্র রাজনীতি চাই না, যা ক্ষমতা, দাপট, আধিপত্য বা সংকীর্ণতা শেখায়। আমরা চাই বুয়েটে এমন ছাত্র রাজনীতি প্রতিষ্ঠিত হোক যা হবে, বিশেষায়িত বিশ্ববিদ্যালয়ের উপযোগী বিশেষায়িত ছাত্র রাজনীতি। যা শিক্ষার্থীদের প্রত্যাশা পূরণের প্লাটফর্মে পরিণত হবে। বুয়েটের ছাত্ররা আধুনিক ধ্যান-ধারণা, সেটা ক্লাইমেট চেঞ্জ হোক, ডিজিটাল ডিভিশন হোক, প্রযুক্তিকে ব্যবহার করে দারিদ্র দূর করা, কর্মসংস্থান বাড়ানো, আর্টিফিসিয়াল ইন্টালিজেন্সের ক্ষেত্রে কী ধরনের পলিসি হবে, পলিটিক্সে কীভাবে ভূমিকা পালন করবে, এই বিষয়গুলো নিয়ে উচ্চতর রাজনীতি চর্চা বুয়েটে করবে।" অ্যাডভোকেসি করার জন্য একটি স্টুডেন্ট কমিউনিটি তৈরীর প্ল্যাটফর্ম হিসাবে আমরা ছাত্র রাজনীতি চেয়েছি। এখানে বাংলাদেশ ছাত্রলীগ দেশের ছাত্র সমাজকে পথ দেখিয়েছে। আমরা কিন্তু ছাত্রলীগের রাজনীতির জন্য ফাইট করিনি। ছাত্রলীগের বিরুদ্ধে অভিযোগ তারা ক্যাম্পাসগুলোতে সহ-অবস্থানের ছাত্র রাজনীতি করতে দেয় না। বুয়েটেও ছাত্রলীগ শুধু তাদের নিজেদের সংগঠনের সাংগঠনিক কর্মকাণ্ড করতে চাচ্ছে- এমন অভিযোগ প্রসঙ্গে সাদ্দাম হোসেন বলেন, "দেখেন আইনী ও রাজনৈতিকভাবে আমরা যে লড়াইটা করলাম, হাইকোর্টে রিট এবং আমাদের কর্মসূচির মাধ্যমে। এটা কিন্তু শান্তিপূর্ণ পথ দেখাল। আমরা কিন্তু দলীয় সাংগঠনিক প্রয়োজনে সেটা করিনি। এটা বুয়েটের শিক্ষার্থীদের বিকাশের স্বার্থে, বুয়েটের ভবিষ্যত প্রজন্মের সুন্দর ভবিষ্যৎ গড়ার সারথি হওয়ার জন্যই কিন্তু আমরা সেটি করেছি। প্রগতিশীল ছাত্র রাজনীতির রাজনৈতিক পরিসর তৈরি করার জন্য আমরা ফাইট করেছি। ফাইট করেছি বুয়েট শিক্ষার্থীদের মূল্যবোধ নিশ্চিত করার জন্য এবং সার্বিকভাবে বুয়েট নিয়ে বাংলাদেশের মানুষের যে প্রত্যাশা আছে, সেই প্রত্যাশা পূরণের জন্য। অ্যাডভোকেসি করার জন্য একটি স্টুডেন্ট কমিউনিটি তৈরীর প্ল্যাটফর্ম হিসাবে আমরা ছাত্র রাজনীতি চেয়েছি। এখানে বাংলাদেশ ছাত্রলীগ দেশের ছাত্র সমাজকে পথ দেখিয়েছে। আমরা কিন্তু ছাত্রলীগের রাজনীতির জন্য ফাইট করিনি। দলীয় সাংগঠনিক রাজনীতির বিকাশ, বৃদ্ধি বা সংযোজন-বিয়োজনের জন্য এটি করিনি।

**বুয়েটে রাজনীতি থাকবে কি থাকবে না এটা ঠিক করবে সেখানকার শিক্ষার্থীরা- নাছির উদ্দীন**

আদালতের রায়টা কিন্তু প্রশাসনিক সেই আদেশের বিপক্ষে হয়েছে। রায়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মনোভাবের বিষয় মনে হয় নেই। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যদি মনে করে তারা ছাত্রলীগের চলমান সন্ত্রাসের রাজনীতি দেখতে চায় না, তাহলে রাজনীতি থাকবে না। এটাই হচ্ছে বিষয়। বুয়েটে ছাত্র রাজনীতি নিয়ে ছাত্রদলের অবস্থানের বিষয়ে জানতে চাইলে সংগঠনের সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির ভয়েস অফ আমেরিকাকে বলেন, "আমাদের দুটি বিষয় রয়েছে। বুয়েটে রাজনীতি থাকবে কি থাকবে না বা কীভাবে পরিচালিত হবে এটা ঠিক করবে সেখানকার

শিক্ষার্থীরা। এটা আমাদের স্পষ্ট বক্তব্য। আর আদালতের যে রায় এসেছে, সেখানে একটা প্রেক্ষাপট আছে। আমাদের বক্তব্য হল, এটা (বুয়েটে রাজনীতি নিষিদ্ধ) বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রশাসনিক সিদ্ধান্ত ছিল। আদালতের রায়টা কিন্তু প্রশাসনিক সেই আদেশের বিপক্ষে হয়েছে। রায়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মনোভাবের বিষয় মনে হয় নেই। রায় পজেটিভ। আদালতের রায়ের বিষয়ে আমরা খুবই শ্রদ্ধাশীল। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যদি মনে করে তারা ছাত্রলীগের চলমান সন্ত্রাসের রাজনীতি দেখতে চায় না, তাহলে রাজনীতি থাকবে না। এটাই হচ্ছে বিষয়।"ক্যাম্পাসে ছাত্রলীগ ছাত্র রাজনীতির সহাবস্থান থাকতে দিচ্ছে না, এজন্যই কি আপনারা বুয়েটে ছাত্র রাজনীতি চাচ্ছেন না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "আমরা ছাত্র রাজনীতির একদম বিপক্ষে না। মহান স্বাধীনতা যুদ্ধেও তো বুয়েটের অবদান ছিল। যুদ্ধে এখানকার শিক্ষক ও শিক্ষার্থীরাও শহীদ হয়েছেন। স্বাধীনতা পরবর্তী সময়ে এই প্রতিষ্ঠানটি শিক্ষা ক্ষেত্রে যেমন অগ্রসর ছিল, তেমনি রাজনীতির ক্ষেত্রে ছিল। কিন্তু, গত ১৫-১৬ বছরে রাজনীতির নামে ছাত্রলীগ যে সন্ত্রাস করছে, আমার মনে হয়, বুয়েটের শিক্ষার্থীরা ছাত্রলীগের সন্ত্রাসের এই রাজনীতি পছন্দ করছে না। ছাত্রলীগের রাজনীতির প্রভাবের কারণেই হয়তো তারা ছাত্র রাজনীতি নিয়ে বিরূপ মন্তব্য করছে বলে আমাদের ধারণা।"

**বুয়েট প্রশাসন কী বলছে**

ঐতিহ্যবাহী এই শিক্ষা প্রতিষ্ঠানে আবার ছাত্র রাজনীতি চালু হবে কি না কিংবা যদি চালু হয় তাহলে সেটা কোন প্রক্রিয়ায় হবে, সেই প্রশ্ন এখন ঘুরে ফিরেই সামনে আসছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন বলছে, তারা আদালতের সিদ্ধান্ত মেনে পরবর্তী প্রক্রিয়া কী হবে সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন। এ বিষয়ে বুয়েট উপাচার্য সত্য প্রসাদ মজুমদার এপ্রিলের ১লা তারিখ সোমবার এক সংবাদ সম্মেলনে বলেছেন, "কোর্টকে আমরা তো ভায়োলেট করতে পারব না। আমাদের কোর্টের নিয়মে চলতে হবে। এ বিষয়ে আমরা আমাদের লিগ্যাল অ্যাডভাইজারের সাথে কথা বলব। ইউনিভার্সিটি কার্যক্রম যেন ব্যাহত না হয় এবং রাষ্ট্রীয় কার্যক্রম ক্ষুণ্ণ না হয়, দুদিকেই দেখতে হবে।" এ বিষয়ে বুয়েটের প্রো-ভিসি অধ্যাপক ড. আব্দুল জব্বার খান ভয়েস অফ আমেরিকাকে বলেন, "এই ঘটনা নিয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী ৮ তারিখে তদন্ত কমিটি তাদের রিপোর্ট দেবে। তার আগে এ বিষয়ে আমি কোনও মন্তব্য করতে চাচ্ছি না। এছাড়া রিটের বিষয়ে যে রায় আদালত দিয়েছেন, তার বিস্তারিত নির্দেশনাগুলোও আমাদের ভালোভাবে দেখতে হবে। এরপরেই এ বিষয়ে বিস্তারিত জানানো সম্ভব হবে।

(ভোয়া ওয়েব পেজ: ০৭.০৪.২০২৪ রুবাইয়া)

## বান্দরবানের ঘটনার প্রতিক্রিয়ায় বড় পরিসরে অভিযানের ঘোষণা দিলেন সেনাপ্রধান

বাংলাদেশের পার্বত্য জেলা বান্দরবানে ব্যাংক ডাকাতি ও অপহরণসহ একাধিক অপরাধ কর্মকাণ্ডের প্রতিক্রিয়ায়, বড় পরিসরে যৌথ অভিযানের ঘোষণা দিয়েছেন সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ। বাংলাদেশ সেনাবাহিনী, পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) সমন্বয়ে এই অভিযান শুরু হয়েছে। রবিবার (৭ এপ্রিল) বান্দরবান সেনানিবাসে সংবাদ সম্মেলনে জেনারেল আহমেদ এ কথা জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন। আমরা এই অপারেশনে সফল হতে প্রকাশ্য ও গোপন উভয় কৌশল প্রয়োগ করছি। শান্তির সম্ভাবনা সত্ত্বেও কেএনএফ অপরাধমূলক আচরণের দিকে ফিরে গেছে বলেন জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ। তিনি জানান, গত জুনে কোণঠাসা হওয়ার পর তারা আলোচনায় বসতে ইচ্ছুক বলে মনে হয়েছিলো। অপরাধমূলক কর্মকাণ্ড অব্যাহত রাখায়, এটাই প্রতীয়মান হয় যে, শান্তির প্রতি তাদের অঙ্গীকার দৃঢ় ছিল না; যোগ করেন জেনারেল শফিউদ্দিন আহমেদ। এর আগে, সেনাদের উদ্দেশ্যে দেয়া ভাষণে তিনি জাতীয় নিরাপত্তা ও জনকল্যাণে এই মিশনের গুরুত্ব তুলে ধরেন। শুক্রবার (৫ এপ্রিল) রাতে বেশ কয়েকজন সশস্ত্র সন্দেহভাজনকে গ্রেপ্তারের পর অভিযানের অগ্রগতি হয়। জেনারেল আহমেদের মতে, আঞ্চলিক স্থিতিশীলতা নষ্ট করে এমন দলগুলোর বিরুদ্ধে সেনাবাহিনীর দৃঢ় সংকল্পের ইঙ্গিত হলো এই মিশন। তিনি বিশেষভাবে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) কথা উল্লেখ করেন। জানান, এই দল আগে শান্তি আলোচনায় জড়িত ছিল।

## বিএনপি ঈদের আগেই গ্রেপ্তার নেতা-কর্মীদের নিঃশর্ত মুক্তি দাবি করেছে

ঈদুল ফিতরের আগে, আটক নেতা-কর্মীদের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। রবিবার (৭ এপ্রিল) দুপুরে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দলের পক্ষে এ দাবি জানান সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। রিজভী বলেন, আইনের প্রতি শ্রদ্ধা দেখিয়ে বিএনপি নেতারা জামিনের জন্য আদালতে হাজির হন। এরপর শেখ হাসিনার 'আজ্ঞাবহ আদালত' তাদের কারাগারে পাঠান। দ্বিতীয় বাকশাল সরকারের জুলুম-নির্যাতনে জনগণ কষ্ট পাচ্ছে। দেশে সভা-সমাবেশ করার সব সুযোগ-সুবিধা শুধু ক্ষমতাসীন আওয়ামী লীগ ভোগ করছে। এখানে অন্য রাজনৈতিক দলগুলোর এটা করার অধিকার নেই তিনি যোগ করেন। আওয়ামী লীগ নির্বাচনি প্রক্রিয়াকে কলুষিত করে রাষ্ট্রক্ষমতা দখল করেছে বলে অভিযোগ করেন রুহুল কবির রিজভী। বলেন, আওয়ামী লীগের সন্ত্রাস সীমা ছাড়িয়ে গেছে। রিজভী উল্লেখ করেন, গণতন্ত্রের মূলনীতি কবর দিয়ে, আওয়ামী

লীগ দেশকে একটি সর্বগ্রাসী রাষ্ট্রে পরিণত করেছে। এ অবস্থায় মানুষের মন থেকে ঈদের আনন্দের অনুভূতি উধাও হয়ে গেছে রিজভী আরো বলেন। এবারের ঈদ, মধ্য ও নিম্ন আয়ের মানুষের জন্য নিরানন্দের বলে উল্লেখ করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব। বলেন,দেশের সর্বত্র নির্যাতন চলছে। রাষ্ট্রক্ষমতা ব্যবহার করে আওয়ামী লীগ জুলুম-নির্যাতন, গুম, হত্যা, বিরোধী দলের বিরুদ্ধে গায়েবি ও মিথ্যা মামলা দায়ের অব্যাহত রেখেছে। রুহুল কবির রিজভী আরো বলেন, আওয়ামী লীগ সরকার গত ১৬ বছরে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ ৫০ লাখ নেতা-কর্মীর বিরুদ্ধে দেড় লাখ মিথ্যা মামলা দিয়েছে।
(ভোয়া ওয়েব পেজ: ০৭.০৪.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### পাঁচ দিনেও বান্দরবানে লুট হওয়া অস্ত্র উদ্ধার হয়নি, অভিযান চলছে

বাংলাদেশের পার্বত্য জেলা বান্দরবানে পুলিশ ও আনসার সদস্যদের কাছ থেকে লুট হওয়া ১৪টি অস্ত্র ও ৪১৫ গুলির হদিস পাঁচ দিনেও মেলেনি। গ্রেপ্তার করা যায়নি ঘটনায় জড়িত কাউকে। পুলিশ বলছে, উদ্ধার অভিযান চলছে। গত বৃহস্পতিবার পুলিশ ও আনসার সদস্যদের ১৪টি অস্ত্র ও ৪১৫টি গুলি লুট করে অস্ত্রধারীরা। এলাকাবাসীর মুঠোফোনও নিয়ে গেছে তারা। বুধবার থানচি থানার দুটি ব্যাংকের শাখা থেকে সাড়ে ১৭ লাখ টাকা লুট করে অস্ত্রধারীরা। এ ঘটনায় রুমা ও থানচি থানায় পৃথক ছয়টি মামলা হয়। নতুন সশস্ত্র গোষ্ঠী কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) সদস্যরা এসব ঘটনায় জড়িত বলে পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল গতকাল সন্ত্রাসীদের বিরুদ্ধে হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।
(রেডিও তেহরান: ২০৩০ ০৭.০৪.২০২৪ এলিনা, গাজী আবদুর রশীদ)

## এনএইচকে

### গাজা যুদ্ধের ৬ মাস, ইসরায়েল জুড়ে নেতানিয়াহু বিরোধী বিক্ষোভ

আজ রবিবার ইসরায়েলি বাহিনী এবং ইসলামি গোষ্ঠী হামাসের মধ্যে সংঘর্ষ শুরু হওয়ার ছয় মাস পূর্ণ হয়েছে। গত বছরের ৭ই অক্টোবর হামাস যোদ্ধারা সীমান্ত অতিক্রম করে হামলা শুরু করলে প্রাথমিকভাবে প্রায় ১ হাজার ২শ জনের মৃত্যু ঘটে। এর প্রতিক্রিয়ায় ইসরায়েলি সামরিক বাহিনী প্রতিশোধমূলক অভিযান শুরু করে। গাজার স্বাস্থ্য কর্তৃপক্ষের ভাষ্যানুযায়ী, এই হামলায় সেখানে ৩৩ হাজারের বেশি মানুষ প্রাণ হারিয়েছেন। তাদের মতে, ইসরায়েলি বাহিনীর বিমান হামলা ও অন্যান্য আক্রমণ অব্যাহত থাকায় মানবিক পরিস্থিতির আরও অবনতি হয়েছে। এদিকে, গাজায় দুর্ভিক্ষ সমাগত বলে সতর্ক করে দিচ্ছে জাতিসংঘের সাহায্য সংস্থাগুলো। প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর পদত্যাগের আহ্বান জানিয়ে গতকাল শনিবার দেশ জুড়ে রাজপথে নেমে আসেন ইসরায়েলি বিক্ষোভকারীরা। গতকাল শনিবার সন্ধ্যায় তেল আবিবে, নেতানিয়াহু বিরোধী বিশাল বিক্ষোভে হাজার হাজার মানুষ অংশ নেন। এতে, চলমান লড়াইকে দীর্ঘায়িত করার পাশাপাশি আলোচনার মাধ্যমে এখনো গাজা ভূখণ্ডে আটক থাকা ১৩০ জনেরও বেশি জিম্মির মুক্তিতে ব্যর্থ হওয়ার জন্য নেতানিয়াহুর সমালোচনা করেন বিক্ষোভকারীরা। একজন পুরুষ অংশগ্রহণকারীর ভাষ্যমতে, রাজনৈতিক কারণে জিম্মিদের জীবন নিয়ে খেলছেন নেতানিয়াহু। তিনি বলেন, জিম্মিদের জীবন সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে ইসরায়েলের উচিত হবে এখনই যে চুক্তির প্রস্তাব দেয়া হয়েছে, সেটি মেনে নেয়া। সেখানে উপস্থিত আরেক ব্যক্তিও প্রধানমন্ত্রীর বিরুদ্ধে লড়াই অবসানের ক্ষেত্রে কোনো সমাধান ছাড়াই যুদ্ধ দীর্ঘায়িত করার অভিযোগ তোলেন।
(এনএইচকে ওয়েব পেজ: ০৭.০৪.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে চলতি বছর `ভয়ঙ্কর হতে পারে, ডেঙ্গু

চলতি বছর ডেঙ্গুর প্রকোপ আরো বাড়তে পারে। তা হতে পারে ভয়ংকর। গত বছরের প্রথম তিন মাসের তুলনায় এই বছরের প্রথম তিন মাসে ডেঙ্গুতে মৃত্যুর দ্বিগুণেরও বেশি। গবেষণায় ঢাকাসহ ৯টি জেলায় ডেঙ্গুর জন্য দায়ী এডিস মশার উচ্চঘনত্ব দেখা গেছে। আর ডেঙ্গু এখন সারা বছরের রোগে পরিণত হয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক কীটতত্ত্ববিদ অধ্যাপক ড. কবিরুল বাশার জানান, এই বছর ঢাকা ছাড়াও চট্টগ্রাম, কক্সবাজার, চাঁদপুর, নরসিংদী, গাজীপুর, বরিশাল, বরগুনা ও মাদারীপুরে ডেঙ্গুর প্রকোপ গত বছরের চেয়েও বাড়বে। তিনি বলেন, ``মার্চ মাসে মাঠ পর্যায়ে গবেষণা করে দেখা গেছে এবার ডেঙ্গু পরিস্থিতি ওই জেলাগুলোতে আরও খারাপ হবে। আমরা ডেঙ্গু মশার ঘনত্ব, বৃষ্টিপাত, তাপমাত্রা, আদ্রতা, ডেঙ্গু রোগী এই বিষয়গুলো বিবেচনায় নেই। তাতে দেখা গেছে এবার ওই জেলাগুলোতে শীতকালেও এডিস মশার ঘনত্ব ১০-এর উপরে। এটা মার্চ মাসের হিসেব। বৃষ্টি হলে এটা দ্বিগুণ হয়ে যায়। এবার আগাম বৃষ্টি শুরু হয়েছে। ধারণা করি এখন এডিস মশার ঘনত্ব দ্বিগুণ হয়ে গেছে। আর যদি রোগীর সংখ্যা বিবেচনা করি, ২০২৩ সালের তুলনায় এবছরের মার্চ মাসে দ্বিগুণেরও বেশি ছিল। ফলে আমরা যে তথ্য উপাত্ত পাচ্ছি তাতে ডেঙ্গু এবার অনেক প্রকট হবে।'' স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বিশ্লেষণ করলে দেখা যায়, গত বছর প্রথম তিন মাসে

ডেঙ্গুতে মৃত্যু হয় ৯ জনের। চলতি বছরের প্রথম তিন মাসে ডেঙ্গুতে মারা গেছেন ২২ জন যা গত বছরের একই সময়ে দ্বিগুণের বেশি। এ বছর একই সময়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা গত বছরের একই সময়ের চেয়ে দ্বিগুণের বেশি। গত বছর প্রথম তিন মাসে হাসপাতালে ভর্তি রোগী ছিল ৮৪৩ জন। এবার প্রথম তিন মাসেই ভর্তি হয়েছে এক হাজার ৭০৫ জন। ২০২৩ সালে তিন লাখ ২১ হাজার ১৭৯ জন ডেঙ্গু রোগী শনাক্ত হয় এবং মারা যায় এক হাজার ৭০৫ জন। গত বছর জুলাই-আগস্টের দিকে হঠাৎ ডেঙ্গু রোগী বেড়ে যাওয়ায় কোথাও কোথাও স্যালাইন সংকট দেখা দিয়েছিলো। তখন স্যালাইনের দামও বেড়ে যায়। চলতি বছরে সেরকম পরিস্থিতি যাতে না হয় সেজন্য গত ৩১ মার্চ বৈঠক করেছে স্বাস্থ্যবিভাগ।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের সচিব জাহাঙ্গীর আলম সংবাদ মাধ্যমকে বলেছেন, ``কৃত্রিম সংকট মোকাবিলা করতে চাহিদার চেয়ে বেশি স্যালাইন উৎপাদন হওয়া প্রয়োজন। এ কারণে উৎপাদন বাড়াতে নির্দেশ দেয়া হয়েছে। এ ছাড়া সব হাসপাতালে এখন থেকে স্যালাইন কিনে মজুত রাখতে হবে। পাশাপাশি ডেঙ্গু হেমোরেজিক ফিভার (অভ্যন্তরীণ রক্তক্ষরণ) চিকিৎসার জন্য প্ল্যাজমা ও রক্তক্ষরণ প্রতিরোধী ওষুধ আমদানি করা যায় কিনা, এ বিষয়ে বিশেষজ্ঞদের মত নিয়ে ব্যবস্থা নিতে হবে।'' মার্চ থেকে অক্টোবরকে ডেঙ্গুর মৌসুম ধরা হয়। এ সময়ে সারাদেশে প্রতি মাসে স্যালাইনের চাহিদা থাকে প্রায় ৫০ লাখ লিটার। নভেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত ডেঙ্গুর প্রকোপ কম থাকে। ওই সময়ে এ ধরনের স্যালাইনের মাসিক চাহিদা থাকে প্রায় ৩০ লাখ লিটার। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. লেনিন চৌধুরী বলেন, ``ডেঙ্গু রোগীর চিকিৎসার জন্য বাংলাদেশের চিকিৎসকরা এখন যথেষ্ঠ দক্ষ হয়ে উঠেছেন। হাসপাতালগুলোতেও ব্যবস্থাপনা এখন ভালো। তারপরও প্রস্তুতি প্রয়োজন। জেলা, উজেলার সব হাসপাতালেরই আগাম প্রস্তুতি দরকার। সেই সঙ্গে দরকার মানুষকে সচেতন করা। তবে সমস্য হলো আগেই এডিস মশা নিয়ন্ত্রণ করে ডেঙ্গু রোগ যাতে না হয় তার ব্যবস্থা তেমন নেয়া হচ্ছে না। আর এখন মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হলে দ্রুত হাসপাতালে না গিয়ে অপেক্ষা করেন। রোগীর অবস্থা জটিল হলে হাসপাতালে যায়। ফলে ডেঙ্গুতে মৃত্যুও হার বাড়ছে।'' তিনি বলেন, ``ডেঙ্গু এখন সারা বছরের রোগ। এটা এখন সারাদেশে ছড়িয়ে পড়েছে। এডিশ মশার একটি ধরন হলো শহুরে এডিস। কিন্তু ২০১৯ সালের পর আমরা আরেকটি প্রজাতির এডিস মশা দেখতে পাচ্ছি যেটি বুনো এডিস। এটা বনে বাদাড়ে, গাছের কোটরে থাকে। ফলে এখন গ্রামেও ডেঙ্গু ছড়িয়ে পড়েছে।'' আর অধ্যাপক কবিরুল বাশার বলেন, ``এখন দেশের মানুষ ডেঙ্গু রোগ সম্পর্কে জানে। এডিস মশা চেনে। এই মশা প্রতিরোধে কী করতে হয় তাও জানে। জানার পরও তারা বাড়িঘর পরিষ্কার করেন না। স্বচ্ছ পানি জমতে দেন। আর এই পানিতেই এডিস মশা জন্মায়। আর সিটি কর্পোরেশনের মশা নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ নেই।''

ঢাকার দুই সিটি কর্পোরেশনই প্রতি বছর মশা মারতে তাদের বাজেট বাড়চ্ছে। কিন্তু মশা নিয়ন্ত্রণে আসছে না। ঢাকার দুই সিটির চলতি অর্থবছরে মশা মারার বাজেট ১৫২ কোটি ৮৫ লাখ টাকা। এরমধ্যে উত্তরের ১২১ কোটি ৮৪ লাখ আর দক্ষিণের ৩১ কোটি এক লাখ টাকা। আর গত ১২ বছরে ঢাকার মশা মারার আয়োজনে খরচ হয়েছে এক হাজার ২০০ কোটি টাকা। এই বাজেটের টাকা মশা নিবারণের নানা যন্ত্রপাতি, কীটনাশসহ আরো অনেক কাজে ব্যয় হয়। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে (ডিএসসিসি) ১০টি অঞ্চলে ৭৫টি ওয়ার্ডে মশা নিধনে ১৫০ জন মশক সুপারভাইজারসহ এক হাজার ৫০ জন কাজ করছেন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১০টি অঞ্চলে মোট ৫৪টি ওয়ার্ডর ৭৫ জন মশক সুপারভাইজারসহ প্রায় ৬০০ জন কাজ করছেন। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. ফজলে শামসুল কবির বলেন, ``দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় এখন ডেঙ্গু রোগী তেমন নাই। হাতে গোনা কয়েকজন পাওয়া গেছে। ডেঙ্গু নিয়ন্ত্রণে আছে। এখন নিয়মিত মশা নিধনের কাজ চলছে। ঈদের পর আমরা আরো বড় পরিসরে কাজ শুরু করব। সরকারের বিভিন্ন দপ্তরের সমন্বয়ে কাজ করা হবে। সবাইকে চিঠি দেয়া হবে। সার্বক্ষণিক নিয়ন্ত্রণ কক্ষ খোলা হবে।'' তার কথায়, ``এডিস মশা নিয়ন্ত্রণে শুধু আমরা নয়, সবাইকে কাজ করতে হবে। বাড়ির ভিতরে গিয়ে তো আর মশা নিধন করতে পারব না। তাই এবার আমরা মোবাইল কোর্ট পরিচালনা করব। কোনো বাড়ি বা স্থাপনায় এডিস মশার লার্ভা পাওয়া গেলে জরিমানা করা হবে।''

এদিকে, ঢাকা উত্তর সিটির মেয়র আতিকুল ইসলাম বলেছেন, ``মশা নিধনে আমাদের কার্যক্রম অব্যাহত আছে। এটা আরো জোরদার করা হচ্ছে। তবে বাসাবাড়ির জমে থাকা স্বচ্ছ পানিতে এডিস মশার লার্ভা জন্মায়। তাই বাসা বাড়ির ছাদ, বারান্দা, বাথরুম এগুলো পরিষ্কার ও রাখতে হবে। সাইকে উদ্যোগী হতে হবে।'' এজন্য দক্ষিণ সিটি কর্পোরেশন এডিস মশার প্রজনন স্থল ধ্বংস ছাড়াও পরিত্যক্ত পলিথিন, চিপসের প্যাকেট, আইসক্রিমের কাপ, ডাবের খোসা, অব্যবহৃত টায়ার, কমোড ও অন্যান্য পরিত্যক্ত দ্রব্যাদি নগরবাসীর কাছ থেকে নগদ মূল্যে সংগ্রহ করার উদ্যোগ নিয়েছে বলে মেয়র জানিয়েছেন যাতে ওইসবের ভিতর পানি জমতে না পারে। পরিবেশও রক্ষা পায়। আর মোবাইল কোর্টও পরিচালনা করা হবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ:০৭.০৪.২০২৪ রিহাব)

# রেডিও টুডে

## দেশে বড় ধরনের বিপদ হলে জনগণ দাঁড়ানোর রাস্তা খুঁজে পাবে না : জিএম কাদের

জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের বলেছেন, বাংলাদেশের সামান্য ঘটনায় যদি সরকার হিমশিম খায় তাহলে দেশে বড় ধরনের বিপদ হলে জনগণ দাঁড়ানোর রাস্তা খুঁজে পাবে না। রোববার বিকেলে রংপুর সার্কিট হাউজে গণমাধ্যম কর্মীদের সাথে আলাপকালে জি এম কাদের এসব কথা বলেন।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ০৭.০৪.২০২৪ এলিনা)

## দেশের নিরাপত্তা ব্যবস্থা ভঙ্গুর সেটা প্রমাণ করে বান্দরবানের ঘটনা : মির্জা ফখরুল ইসলাম আলমগীর

বান্দরবানের ঘটনা প্রমাণ করে দেশে নিরাপত্তা ব্যবস্থা কত ভঙ্গুর! বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রোববার রাজধানীর গুলশানে দলীয় চেয়ারপারসনের কার্যালয়ে আন্দোলন সংগ্রামে ক্ষতিগ্রস্ত নেতাকর্মীদের মাঝে ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে এ দাবি করেন তিনি। মির্জা ফখরুল বলেন রাষ্ট্র পরিচালনা করতে গিয়ে সব দিকে ব্যর্থ হয়েছে সরকার। শিক্ষা, স্বাস্থ্য-সহ সব খাতকে ধ্বংস করে দেওয়া হয়েছে। ক্ষমতায় টিকে থাকতে তারা দেশজুড়ে সৃষ্টি করেছে ভয়াবহ পরিস্থিতি। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ০৭.০৪.২০২৪ এলিনা)

## দুদিনের সফরে ঢাকা এসে পৌঁছেছেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী

ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মায়রো ভিয়েরা দুদিনের সফরে আজ ঢাকা এসেছেন। সকালে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে তাকে স্বাগত জানান পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। সফরে আগামীকাল সোমবার সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করবেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী। পরে তিনি গাজীপুরে একাধিক ওষুধ উৎপাদনকারী প্রতিষ্ঠান দেখতে যাবেন। একই দিন দুপুরে ঢাকায় ফিরে তিনি রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে বক্তৃতা করবেন। এরপর মায়েরো ভিয়েরা ব্যবসায়ীদের একটি সমাবেশে যোগ দিবেন। দুদিনের সফর শেষ করে আগামীকাল রাতে ঢাকা ছাড়ার কথা রয়েছে ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীর।

(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৭.০৪.২৩২৪ আসাদ)

## পুলিশের উপর হামলা ও আসামি ছিনিয়ে নেওয়ার অভিযোগে বগুড়ায় স্বেচ্ছাসেবক লীগ নেতা গ্রেফতার

থানায় ঢুকে পুলিশের উপর হামলা ও আসমী ছিনিয়ে নেওয়ার অভিযোগে বগুড়ার শাহজাহানপুর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সম্পাদক ও মাঝিরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. নুরুজ্জামান-সহ তার ৭ সহযোগীকে গ্রেফতার করেছে পুলিশ। দল-বল নিয়ে থানায় এসে হামলায় অন্তত আট পুলিশ সদস্য আহত হন এবং দুজনকে শাহজাহানপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। শাহজাহানপুর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা শহিদুল ইসলাম গণমাধ্যমকে জানিয়েছেন গত রাত ৯টার দিকে উপজেলার আরিয়া পাচার এলাকা থেকে মিঠুন নামের স্থানীয় এক স্বেচ্ছাসেবক লীগ নেতাকে গ্রেফতার করে পুলিশ। পুলিশ মিঠুকে থানায় নিয়ে এলে রাত সাড়ে দশটার দিকে নুরুজ্জামান ও তার লোকজন ৫০-৬০টি মোটরসাইকেলের বহর নিয়ে থানায় প্রবেশ করে এবং মিঠুকে ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। পুলিশ বাধা দিতে গেলে ওসি-সহ পুলিশের উপর হামলা করে পালিয়ে যায় নুরুজ্জামান। পরে পুলিশ অভিযান চালিয়ে উপজেলার মাঝরা এলাকা থেকে নুরুজ্জামান-সহ সাত আসামীকে আটক করে। পুলিশ জানিয়েছে নুরুজ্জামানের বিরুদ্ধে হত্যা, অস্ত্র, জমি দখল, সরকারি কাজে বাধা-সহ ৮ থেকে ১০ টি মামলা রয়েছে।

(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৭.০৪.২৩২৪ আসাদ)

## প্রতি বছরের মত এবারও বায়তুল মোকাররম জাতীয় মসজিদে ঈদের পাঁচটি জামায়াত অনুষ্ঠিত হবে

প্রতিবছর মত এবারও বায়তুল মোকাররম জাতীয় মসজিদে পর্যায়ক্রমে পাঁচটি ঈদের জামায়াত অনুষ্ঠিত হবে। রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বায়তুল মোকারম ঈদ জামায়াতের এই তথ্য জানিয়েছে ইসলামিক ফাউন্ডেশন। এতে বলা হয় ঈদের প্রথম জামায়াত অনুষ্ঠিত হবে সকাল সাতটায়। এতে ইমামতি করবেন বাইতুল মোকাররমের সিনিয়র পেশ ইমাম হাফেজ মুফতি মাওলানা মো. মিজানুর রহমান। দ্বিতীয় জামায়াত অনুষ্ঠিত হবে সকাল আটটায়। আর সকাল ৯ টায় তৃতীয় জামায়াত অনুষ্ঠিত হবে আর চতুর জামাত অনুষ্ঠিত হবে সকাল দশটায়। পঞ্চম ও সর্বশেষ জামায়াত অনুষ্ঠিত হবে সকাল দশটা পঁয়তাল্লিশ মিনিটে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৭.০৪.২৩২৪ আসাদ)

## রবি ও সোমবার দুদিন দেশে ঝড়-বৃষ্টি হতে পারে

রোববার দেশে ৮ বিভাগে ঝড় বৃষ্টি হতে পারে। এতে দিনের তাপমাত্রা ২ থেকে ৩ ডিগ্রি সেলসিয়াস কমে যেতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। ঝড় বৃষ্টির কারণে তাপমাত্রা অনেকটাই কমে গত কয়েকদিন তিন ধরে দেশব্যাপী যে তাপদাহ চলছে তা থেকে অনেকটাই স্বস্তি মিলতে পারে। ঝড় বৃষ্টির প্রবণতা সোমবারও অব্যাহত থাকতে পারে। তবে মঙ্গলবার থেকে বৃষ্টিরষ থেমে গরম বাড়তে পরে বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা।

(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৭.০৪.২৩২৪ আসাদ)

## কুকি-চিনের কার্যক্রম পাহাড়ে একটি বিচ্ছিন্ন ঘটনা : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি ব্যর্থতা ঢাকতে ইস্যু খোঁজে। মিয়ানমার ইস্যুতে ব্যর্থ হয়ে এখন কুকি-চিন ইস্যু খুঁজছে। এটা বিচ্ছিন্ন ঘটনা। এর দ্বারা গোটা পাহাড়ের সার্বিক শান্তি পরিস্থিতিতে কোনো প্রভাব পড়বে না। কাজেই এটা নিয়ে নতুন ইস্যু খুঁজেও ব্যর্থ হবে বিএনপি। তিনি আজ রোববার দুপুরে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে কথা জানান। ওবায়দুল কাদের বলেন পাহাড়ে কুকি চীনের সশস্ত্র তৎপরতা বিচ্ছিন্ন ঘটনা। সরকার এ নিয়ে অত্যন্ত সতর্ক এবং শক্ত অবস্থান নিয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী ঐ এলাকা ঘুরে এসেছেন। যৌথ অভিযান চলছে।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০৪.২০২৪ আসাদ)

## সন্ত্রাসীরা নির্মূল না হওয়া পর্যন্ত পাহাড়ে অভিযান অব্যাহত থাকবে : সেনাপ্রধান

সেনাবাহিনী প্রধান এসএম শফিউদ্দিন আহমেদ বলেছেন বান্দরবানে কেএনএফ অস্ত্রধারীদের গ্রেপ্তার, অস্ত্র উদ্ধার এবং ওই এলাকায় শান্তি ফিরিয়ে আনার লক্ষ্যে সেনাবাহিনীর নেতৃত্বে সমন্বিত অভিযান শুরু হয়েছে। ইতোমধ্যে কয়েকজনকে গ্রেপ্তার ও দুটি অস্ত্র উদ্ধার করা হয়েছে। সন্ত্রাসীরা নির্মূল না হওয়া পর্যন্ত অভিযান চলমান থাকবে। আজ রোববার দুপুরে বান্দরবান সেনানিবাসে এক সংবাদ সম্মেলনে সেনাপ্রধান এ কথা বলেন।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০৪.২০২৪ আসাদ)

## কেএনএফ এর স্থানীয় এক শীর্ষ নেতাকে গ্রেফতার করেছে র‍্যাব

বান্দরবানে অভিযান চালিয়ে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট কেএনএফ-এর স্থানীয় প্রধান সমন্বয়ক চিউসি বোমকে গ্রেপ্তার করেছে র‍্যাব। রোববার বিকেলে র‍্যাব-১৫ এর কোম্পানি কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল এস এম সাজ্জাদ হোসেন এই তথ্য নিশ্চিত করেছেন। এ সময় রোয়াল লিন বোম নামের আরো একজনকে গ্রেফতার করেছে র‍্যাব। গ্রেফতার দুজনের সঙ্গে কে এন এফ এর সশস্ত্র গ্রুপের শীর্ষ নেতা নাথান বোমের আত্মীয়তার সম্পর্ক রয়েছে বলে জানা গেছে।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০৪.২০২৪ আসাদ)

## সীমান্তে প্রতিদিনই বাংলাদেশিদের হত্যা করা হলেও সরকার এর প্রতিবাদ করতে পারছে না : রিজভী

নিত্যপণ্যের লাগামহীন উর্ধ্বগতি, গ্যাস, বিদ্যুৎ পানি সংকট এবং সরকারের ভয়াবহ দুঃশাসনে মানুষ নিদারুণ কষ্টে জীবন যাপন করছে বলে অভিযোগ করেছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। আজ রোববার নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয় এক সংবাদ সম্মেলনে তিনি এই মন্তব্য করেন। রিজভী আরো বলেন, একটি দেশ বারবার আমাদের সীমান্তে আক্রমণ করছে, প্রায় প্রতিদিন গুলি করে মানুষ হত্যা করছে; কিন্তু সরকার এর প্রতিবাদ পর্যন্ত করতে পারছে না। ন্যায্য পানির অধিকারও সরকার আদায় করতে পারছে না।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০৪.২০২৪ আসাদ)

## পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সঙ্গে বৈঠক করেছেন সফররত ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশ সফরের প্রথম দিনে ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মায়রো ভিয়েরা পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ এর সঙ্গে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় দ্বিপক্ষীয় বৈঠক করেন। বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জানান, আগামী জুলাইয়ে ব্রাজিল সফর করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী জানান ব্রিকসের অন্তর্ভুক্তির জন্য বাংলাদেশকে সহযোগিতা করবে ব্রাজিল। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০৪.২০২৪ আসাদ)

## ব্রাজিল থেকে পশু আমদানি করতে চায় বাংলাদেশ : বাণিজ্য প্রতিমন্ত্রী

সফরত ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মায়রো ভিয়েরার সঙ্গে বিকেলে হোটেল ইন্টারকন্টিনেন্টালে সঙ্গে সৌজন্যে সাক্ষাৎ করেছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটো। সাক্ষাত শেষে কোরবানির ঈদকে সামনে রেখে ব্রাজিল থেকে বাংলাদেশে পশু আমদানি করা হবে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী। তিনি বলেন স্বল্প মূল্যে মাংসজাত পণ্য বাংলাদেশে রপ্তানি করতে আগ্রহী ব্রাজিল। তবে মাংস জাতীয় পণ্য নয়, ব্রাজিল থেকে পশু আমদানির প্রস্তাব দেয়া হয়েছে দেশটির পররাষ্ট্রমন্ত্রী মায়রো ভিয়েরাকে। এছাড়া তৈরি পোশাক রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশকে শুল্কমুক্ত সুবিধা দিতে ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীকে আহ্বান জানানো হয়েছে বলে জানান বাণিজ্য প্রতিমন্ত্রী।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০৪.২০২৪)

## এবারের পহেলা বৈশাখে মঙ্গল শোভাযাত্রার পরিধি বাড়ছে : ড. মুহাম্মদ সামাদ

এবারের পহেলা বৈশাখে মঙ্গল শোভাযাত্রার পরিধি বাড়ছে। শোভাযাত্রাটি চারুকলা থেকে বের হয়ে শিশু পার্ক ঘুরে ফের টিএসসিতে এসে শেষ হবে। বাংলা নববর্ষ ১৪৩১ উদযাপন কেন্দ্রীয় সমন্বয়ক কমিটির সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলার জয়নুল গ্যালারিতে পহেলা বৈশাখ নিয়ে এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান। আমরা তো তিমির বিনাশি এই প্রতিপাদ্যকে সামনে রেখে চারুকলার ৭৫ বছর পূর্ণ হবে যা মঙ্গল শোভাযাত্রায় ভিন্নমাত্রা যোগ করবে বলে আশা করছেন

আয়োজকরা। এবারের নিরাপত্তা ব্যবস্থা যেন শোভাযাত্রার মূল আয়োজনকে বিঘ্ন না ঘটায় সেজন্য দূর থেকে নিরাপত্তা দেয়ার জন্য আইন আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি আহ্বান জানান আয়োজক কমিটি।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০৪.২০২৪)

### পোশাক শ্রমিকদের জন্য আগামী দুদিন বিশেষ ট্রেনের ব্যবস্থা করা হয়েছে: রেলমন্ত্রী

রেলমন্ত্রী জিল্লুল হাকিম বলেছেন, পোশাক শ্রমিকদের জন্য আগামী দুদিন আলাদা বিশেষ ট্রেনের ব্যবস্থা করা হয়েছে। রোববার দুপুরে সাংবাদিকদের প্রশ্নের জবাব মন্ত্রী এই সব তথ্য জানান। সেই সঙ্গে গার্মেন্টস শ্রমিকদের দাঁড়িয়ে যাওয়ার জন্য স্ট্যান্ডিং টিকেটের ব্যবস্থা ও আলাদা বগীর ব্যবস্থা নেয়া হয়েছে বলেও জানান রেলমন্ত্রী।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০৪.২০২৪)

### আজ রোববার সকালে কালবৈশাখী ঝড়ে দেশের বিভিন্ন স্থানে পাঁচজন নিহত হয়েছেন

আজ রোববার সকাল নয়টার পর থেকে রাজধানী ঢাকা-সহ সারাদেশে গুড়ি গুড়ি বৃষ্টি হয়েছে। এছাড়া দেশের কয়েকটি স্থানে কালবৈশাখী ঝড় ও বজ্রসহ বৃষ্টিপাত হয়। বজ্রপাতে ঝালকাঠিতে তিনজন, খুলনা ও নেত্রকোনায় আরো দুজনের প্রাণ হানির ঘটনা ঘটেছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০৪.২০২৪)

## জাগো এফএম

### একদিনে কালবৈশাখী ও বজ্রপাতে প্রাণ গেলো ১২ জনের

দেশের বেশ কয়েকটি জেলায় তাণ্ডব চালিয়েছে কালবৈশাখী। এতে প্রাণ গেছে চারজনের। গাছপালা উপড়ে পড়ে ও ঝড়ে সম্পূর্ণ ও আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে কয়েকশ ঘরবাড়ি। এছাড়া বজ্রপাতে মারা গেছেন আরও আটজন। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ভোলার লালমোহন, তজুমদ্দিন ও মনপুরায় কালবৈশাখী ঝড়ে দু,জনের মৃত্যু হয়েছে। এছাড়া ২০০ ঘরবাড়ি আংশিক এবং অর্ধশত সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। পটুয়াখালীর বাউফলে ঝড়ে ও বজ্রপাতে দুজন, খুলনার ডুমুরিয়ায় বজ্রপাতে একজন, ঝালকাঠির কাঠালিয়ায় বজ্রপাতে তিনজন, নেত্রকোনার রাজঘাট হাওরে বজ্রপাতে একজন, পিরোজপুর সদরে কালবৈশাখীতে একজন ও বাগেরহাটে বজ্রপাতে একজন মারা গেছেন। এছাড়া রাঙ্গামাটির রাজস্থলীতে বজ্রপাতে একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। বিষয়টি নিশ্চিত করে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মো. মিজানুর রহমান বলেন, এটি প্রাথমিক হিসাব। মৃতের সংখ্যা ঠিক থাকলেও ক্ষয়ক্ষতির পরিমাণ বাড়তে পারে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

### বৃষ্টি থাকতে পারে সোমবারও, ফের গরম বাড়ার আভাস

দেশের অর্ধেকেরও বেশি অঞ্চলজুড়ে বইছিল তাপপ্রবাহ। কোথাও কোথাও তাপপ্রবাহ তীব্র আকার ধারণ করেছিল। প্রচণ্ড গরমে দুঃসহ হয়ে উঠেছিল জনজীবন। কিন্তু রোববার পাল্টে যায় পরিস্থিতি। মেঘের আনাগোনা ও ঝড়বৃষ্টিতে স্বস্তি ফিরেছে। তাপমাত্রাও কমে গেছে অনেকখানি। দুটি জেলা ছাড়া দেশের আর কোথাও নেই তাপপ্রবাহ। উত্তরের রাজশাহী এবং রংপুর বিভাগ ছাড়া অন্য সব বিভাগেই বৃষ্টি হয়েছে। সবচেয়ে বেশি ২৯ মিলিমিটার বৃষ্টি হয়েছে সাতক্ষীরায়। অনেক স্থানে হয়েছে কালবৈশাখী ঝড়। ঝড়ে ঘরবাড়ি ও গাছপালার ক্ষয়ক্ষতি ছাড়াও মানুষ হতাহতের ঘটনাও ঘটেছে। রোববার দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৩৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস ছিল রাজশাহীতে। কয়েকদিন আগে যা চুয়াডাঙ্গায় ছিল ৪০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। রোববার চুয়াডাঙ্গায় সর্বনিম্ন তাপমাত্রা ৭ দশমিক ২ ডিগ্রি কমে হয়েছে ৩৩ ডিগ্রি সেলসিয়াস। ঢাকায় সর্বনিম্ন তাপমাত্রা ৩৬ দশমিক ৬ ডিগ্রি থেকে কমে হয়েছে ৩০ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। প্রায় সারাদিনই ঢাকার আকাশ মেঘে ঢাকা ছিল। সকালের দিকে রাজধানীর বিভিন্ন জায়গায় সামান্য বৃষ্টিও হয়েছে। আবহাওয়াবিদরা জানিয়েছেন, বৃষ্টির প্রবণতা সোমবারও অব্যাহত থাকতে পারে। এতে তাপপ্রবাহ পুরোপুরি দূর হতে পারে। তবে মঙ্গলবার থেকে বৃষ্টি দূর হয়ে ফের গরম বাড়তে পারে বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

### যোগ্য নেতৃত্বের কারণে আবারও শেখ হাসিনা ক্ষমতায় এসেছেন

যোগ্য নেতৃত্বের কারণে আবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় এসেছেন বলে মন্তব্য করেছেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরা। রোববার (৭ই এপ্রিল) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠক শেষে ঢাকা সফররত ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। ব্রাজিলিয়ান পররাষ্ট্রমন্ত্রী বলেন, গ্লোবাল সাউথের একটি বলিষ্ঠ কণ্ঠ হিসেবে বাংলাদেশ বিভিন্ন ইস্যুতে ব্রিকসে অবদান রাখতে সক্ষম। এছাড়া তিন দেশীয় ইন্ডিয়া, ব্রাজিল ও সাউথ আফ্রিকা (ইবসা ফোরাম) ফোরামে যুক্ত হওয়ার বিষয়ে বাংলাদেশ আগ্রহ প্রকাশ করেছে। ব্রাজিল এটাকে স্বাগত জানায় এবং আমরা এ বিষয়ে অন্য দুই সদস্য রাষ্ট্রের সঙ্গে আলোচনা করবো।

ভিয়েরা বলেন, ব্রাজিলের প্রথম পররাষ্ট্রমন্ত্রী হিসেবে বাংলাদেশে আসা আমার জন্য সম্মানের। গত এক দশকে শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে সামাজিক ও অর্থনৈতিক গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হয়েছে। অনেক ইস্যু আছে যেখানে আমরা একসঙ্গে কাজ করতে পারি। বিশেষ করে শিক্ষা, কৃষি, বাণিজ্য। আমরা আজকে কারিগরি সহযোগিতা সংক্রান্ত

একটি চুক্তি করেছি, যে ফ্রেমওয়ার্কের আওতায় আমরা বিভিন্ন ক্ষেত্রে একসঙ্গে কাজ করার সুযোগ রয়েছে। আমরা বাংলাদেশের শিক্ষার্থীদের ব্রাজিলে বৃত্তি নিয়ে পড়তে যাওয়ার অফার করেছি।

হাছান মাহমুদ বলেন, ৫২ বছরের মধ্যে এটি ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীর প্রথম বাংলাদেশ সফর। তৈরি পোশাকে শুল্কমুক্ত সুবিধা দিতে তাকে বলেছি। আমাদের অর্থনৈতিক অঞ্চলে ব্রাজিলের বিনিয়োগের বিষয়ে আলোচনা হয়েছে। আইটি সেক্টরে বিনিয়োগ নিয়ে আলোচনা করেছি। ব্রাজিলে ঔষধ ও সিরামিকস পণ্য রপ্তানি নিয়ে আলোচনা করেছি। ব্রিকসে বাংলাদেশের যুক্ত হওয়া নিয়ে আলোচনা করেছি।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশি শিক্ষার্থীদের ব্রাজিলে বৃত্তি অফার করায় তাকে ধন্যবাদ জানিয়েছি। আমরা ফরেন সার্ভিস একাডেমিতে দুজন ব্রাজিলিয়ান ট্রেইনি ডিপ্লোম্যাটকে ট্রেনিং করার অফার করেছি। আমরা অনেক ইস্যু নিয়ে আলোচনা করেছি। দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক ইস্যু নিয়ে বিশেষ করে, গাজা নিয়ে আলোচনা করেছি। রোহিঙ্গা সমস্যা নিয়ে আলোচনা করেছি এবং তাদের সমর্থন চেয়েছি। আমরা আশা করছি, বিশ্ব সম্প্রদায় মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ করবে এবং মিয়ানমার তাদের লোকদের ফিরিয়ে নেবে।

এদিকে, দুই পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক নিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রকাশিত যৌথ বিবৃতিতে বলা হয়েছে, পরিবহন খাতে বায়ো-ফুয়েল-সহ অন্যান্য কম দূষণীয় জ্বালানির ব্যবহার উৎসাহিত করার জন্য বাংলাদেশ ও ব্রাজিল পরস্পর সহযোগিতা, গবেষণা ও বিনিয়োগ করতে সম্মত হয়েছে। একইসঙ্গে ঢাকায় ব্রাজিলের বিশেষজ্ঞদের নিয়ে ইথানল সংলাপ করার জন্য বাংলাদেশের আগ্রহকে স্বাগত জানিয়েছে ব্রাজিল। জ্বালানি নিরাপত্তার গুরুত্বকে বিবেচনায় নিয়ে উভয় দেশ জ্বালানি খাতে দূষণ কমানো এবং জ্বালানি রূপান্তরের বিষয়কে দুই দেশ স্বীকার করে নেয় বলে বিবৃতিতে জানানো হয়। দুইদিনের সফরে রোববার সকালে ঢাকায় আসেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী। স্বাধীন দেশ হিসেবে বাংলাদেশের আত্মপ্রকাশের পর এই প্রথম কোনো ব্রাজিলিয়ান পররাষ্ট্রমন্ত্রী ঢাকায় এলেন। বিমানবন্দরে ভিয়েরা-সহ তার সঙ্গে থাকা বড় একটি প্রতিনিধি দলকে স্বাগত জানান পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেন। ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী আগামীকাল সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। এদিন তিনি ঢাকা ছেড়ে যাবেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## রাজধানীতে বাসায় মিললো বাবা-ছেলের মরদেহ, মেয়ে হাসপাতালে

রাজধানীর শের-ই-বাংলা নগর থানাধীন তালতলা মোল্লাপাড়া এলাকার একটি বাড়ির দ্বিতীয়তলা থেকে দরজা ভেঙে বাবা-ছেলের মরদেহ উদ্ধার করা হয়েছে। বাবা ছেলেকে হত্যার পর নিজে আত্মহত্যা করেছেন বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ। নিহতরা হলেন- মশিউর রহমান (৫০) ও তার ছেলে সাহদাব (১৬)। এ ঘটনায় সাত বছর বয়সী কন্যা মশিউরের হত্যাচেষ্টা থেকে বেঁচে গেছে বলে ধারণা পুলিশের। রোববার (৭ এপ্রিল) রাতে শের-ই-বাংলা নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আহাদ আলী জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, রাত ৮টার দিকে তালতলা মোল্লাপাড়া এলাকার একটি বাড়ির দ্বিতীয় তলা থেকে দরজা ভেঙে বাবা-ছেলের মরদেহ উদ্ধার করা হয়েছে। একজনের মরদেহ ঝুলন্ত অবস্থায়, অন্যজনকে মেঝেতে পড়ে থাকা অবস্থায় উদ্ধার করা হয়েছে। বিস্তারিত ঘটনা জানার চেষ্টা করা হচ্ছে। ওসি আরও জানান, মরদেহ পুলিশ হেফাজতে রয়েছে। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ দুটি ময়নাতদন্তের জন্য শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল মর্গে পাঠানো হবে।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## ব্রিকসের সদস্যপদ পেতে বাংলাদেশকে সমর্থন দেবে ব্রাজিল

ব্রিকসের সদস্যপদ পেতে বাংলাদেশের পাশে থাকার আশ্বাস দিয়েছে ঢাকায় সফররত ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরা। রোববার (৭ এপ্রিল) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠকে এ আশ্বাস দেন মাউরো ভিয়েরা। তিনি বলেন, ব্রাজিলের পক্ষ থেকে ব্রিকসে বাংলাদেশের সদস্যপদ পেতে দৃঢ় সমর্থন ও ইতিবাচক ভূমিকা রাখা হবে। ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ব্রিকসে নতুন করে সদস্যপদ বাড়ানোর পর এ বছর পররাষ্ট্রমন্ত্রীদের প্রথম বৈঠক হবে। নীতিগত এবং অবস্থান বিবেচনায় বাংলাদেশ আমাদের ঘনিষ্ঠ। আমরা বাংলাদেশের সদস্যপদের বিষয়টি বিবেচনা করবো। ব্রাজিলের পক্ষ থেকে দৃঢ় ও ইতিবাচক ভূমিকা রাখা হবে।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## স্বাস্থ্যসেবায় অভূতপূর্ব অর্জন বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেছেন, 'স্বাস্থ্যসেবায় অভূতপূর্ব অর্জনের স্বীকৃতি হিসেবে জাতিসংঘ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার `সাউথ-সাউথ অ্যাওয়ার্ড, এবং গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিন অ্যান্ড ইম্যুনাইজেশন, গ্যাভি থেকে `ভ্যাকসিন হিরো, খেতাব প্রাপ্তি দেশে-বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি আরো উজ্জ্বল করেছে।' বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে এ কথা বলেন তিনি। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিশ্ব স্বাস্থ্য দিবস ২০২৪ পালনের উদ্যোগকে স্বাগত জানিয়ে দিবসটির এবারের প্রতিপাদ্য `স্বাস্থ্য অধিকার নিশ্চিতে, কাজ করি একসাথে, যথার্থ হয়েছে বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন। মোঃ সাহাবুদ্দিন বলেন, 'স্বাস্থ্যসেবা মানুষের অন্যতম মৌলিক অধিকার।

সরকার মানসম্মত স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে বদ্ধপরিকর।' তিনি বলেন, 'সরকার স্বাস্থ্যখাতে অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করছে। এর ফলে জনগণের মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রাপ্তির ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। মা ও শিশুদের টিকা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশের সাফল্য বিশ্বব্যাপী ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে।' রাষ্ট্রপতি বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার কমিউনিটি ক্লিনিক মডেল জাতিসংঘ কর্তৃক 'দ্যা শেখ হাসিনা ইনিশিয়েটিভ, হিসেবে স্বীকৃতি পেয়েছে।' তিনি আরো বলেন, 'সরকারের সময়োপযোগী ও যথাযথ পদক্ষেপ গ্রহণের ফলে করোনা মহামারি নিয়ন্ত্রণ সম্ভব হয়েছে। মহামারি নিয়ন্ত্রণে দ্রুততম সময়ে মানুষকে টিকা প্রদান ও আক্রান্ত রোগীর ব্যবস্থাপনার ক্ষেত্রে স্বাস্থ্য বিভাগের কার্যক্রম নিঃসন্দেহে প্রশংসনীয়।' রাষ্ট্রপতি বলেন, 'সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সাফল্যের ধারাবাহিকতায় সরকার ২০৩০ সালের মধ্যে সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণে বৈশ্বিক অঙ্গীকারের সাথে একাত্মতা প্রকাশ করেছে। এ লক্ষ্য অর্জনে সরকারের পাশাপাশি বেসরকারি খাতকেও কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।' সবার সম্মিলিত প্রচেষ্টায় দেশে স্বাস্থ্যখাতে সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## বিএনপি ব্যর্থতা ঢাকতে ইস্যু খোঁজে : সেতুমন্ত্রী

'পাহাড়ে কুকি-চিনের সশস্ত্র তৎপরতা বিচ্ছিন্ন ঘটনা। সরকার এ নিয়ে অত্যন্ত সতর্ক। স্বরাষ্ট্রমন্ত্রী ওই এলাকা ঘুরে এসেছেন। যৌথ অভিযান চলছে। বিএনপি ব্যর্থতা ঢাকতে ইস্যু খোঁজে। মিয়ানমার ইস্যুতে ব্যর্থ এখন কুকি-চিন ইস্যু।, রোববার, ৭ই এপ্রিল আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ধানমন্ডিতে দলটির সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন। তিনি বলেন, 'বিএনপির আন্দোলন করার সামর্থ্য নেই। শক্তি-সামর্থ্য সবই তারা হারিয়ে ফেলেছে। নেতা-কর্মীরা দলটির নেতৃত্বের ওপর হতাশ। তারেকের ওপর হতাশ। তাদের নেতা দেশে নেই, রিমোট কন্ট্রোলে আন্দোলন হবে? এটা কি সম্ভব। আন্দোলন করতে হলে রাজপথে এসে করতে হবে। রিমোট কন্ট্রোলের ডাকে জনগণ সাড়া দেবে না। বেগম খালেদা জিয়ার বর্তমান অবস্থার জন্য বিএনপিই দায়ী। একটা রাজনৈতিক দল যারা তাকে দেশনেত্রী বলেন তাকে মুক্তির জন্য মির্জা ফখরুল কী আন্দোলন করেছেন? পাঁচশ লোকের একটা মিছিলও করতে পারেনি। আইনি লড়াইয়ে আদালত উপেক্ষা করে বারবার সময়ক্ষেপণ করেছে। এটা না করলে বিষয়টা অনেক আগেই সেটেল হয়ে যেত। বিএনপি আন্দোলনে ব্যর্থ। বেগম জিয়া আইনি লড়াইয়েও ব্যর্থ। তাদের এখন চোখের পানি, কান্না, দীর্ঘশ্বাস সম্বল।' আসন্ন উপজেলা নির্বাচনে বিভিন্ন জায়গায় নিকটাত্মীয়দের মনোনয়ন প্রসঙ্গে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, 'প্রার্থিতা উন্মুক্ত করে দেওয়া হয়েছে। নির্বাচন উন্মুক্ত মানে উন্মুক্ত পরিবেশে নির্বাচন করার ইচ্ছা-বাসনা অনেকেরই থাকতে পারে। আমাদের বক্তব্য-এমপি সাহেবরা বা মন্ত্রী মহোদয়রা কোথাও কোনো প্রভাব বিস্তার করবেন না। প্রশাসন নিরপেক্ষ থাকবে। প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে কেউ হস্তক্ষেপ করলে তা যেন সফল করতে না পারে। আর প্রার্থিতা চূড়ান্ত হওয়ার পর কেউ দলীয় নির্দেশ অমান্য করলে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।' উপজেলায় নিকটাত্মীদের মনোনয়ন নিয়ে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাকের বিরুদ্ধে উপজেলা আওয়ামী লীগের অভিযোগ প্রসঙ্গে দলের সাধারণ সম্পাদক বলেন, 'আমরা এগুলো জানি। তদন্ত করে খোঁজখবর নিচ্ছি।' যুবলীগের কমিটি দেওয়া প্রসঙ্গে ওবায়দুল কাদের আরো বলেন, 'যুবলীগের কমিটি দিতে হলে যুবলীগের অনুমোদন লাগবে। আওয়ামী লীগের কমিটির অনুমোদন আওয়ামী লীগ দেবে। কেউ দলীয় নির্দেশ অমান্য করলে সেটার খেসারত দিতে হবে। সে যেই হোক।' আওয়ামী লীগের আগাম কাউন্সিল হবে কি না, এমন প্রশ্নের জবাবে দলের সাধারণ সম্পাদক বলেন, 'আওয়ামী লীগ সম্মেলন করবে। এটা বিএনপি নয়। সময়মতো আওয়ামী লীগের সম্মেলন হবে, আগাম নয়।' সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক, মির্জা আজম, সুজিত রায় নন্দী, দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া-সহ কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতারা। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## বন বিভাগের কর্মকর্তা হত্যাকারীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিতে কাজ করছে মন্ত্রণালয় : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেন, 'কক্সবাজারে দুষ্কৃতকারীদের মিনি ট্রাকচাপায় নিহত বন বিভাগের কর্মকর্তা মোঃ সাজ্জাদুজ্জামানের হত্যাকারীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিতে কাজ করছে মন্ত্রণালয়। পাহাড় কর্তনকারীদের কোনো ছাড় দেওয়া হবে না।' পরিবেশ ও বনমন্ত্রী রোববার মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলার ভিটিকান্দি গ্রামে তার বাসভবনে কক্সবাজারে দুষ্কৃতকারীদের মিনি ট্রাকের চাপায় নিহত বন বিভাগের বিট অফিসার মোঃ সাজ্জাদুজ্জামানের পরিবারের কাছে আর্থিক সহায়তার চেক হস্তান্তরকালে এসব কথা বলেন। বন বিভাগের কর্মকর্তা মোঃ সাজ্জাদুজ্জামানের পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রী বলেন, 'এ ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অবহিত করা হলে তিনিও শোক ও দুঃখ প্রকাশ করেছেন।' মন্ত্রী বলেন, মোঃ সাজ্জাদুজ্জামানের অকাল মৃত্যুতে পরিবার যেন আর্থিক সংকটে না পড়ে সেজন্য মাস্টার্স পাস তার স্ত্রীর কর্মসংস্থানের উদ্যোগ নেওয়া হবে। মন্ত্রণালয় ও বন বিভাগ সবসময় তার পরিবারের পাশে থাকবে।' এ সময় মন্ত্রী নিহত বিট অফিসার মোঃ সাজ্জাদুজ্জামানের বাবার কাছে মন্ত্রণালয় ও বন বিভাগের পক্ষ থেকে চেক ও নগদ মোট ১৫ লাখ টাকা

হস্তান্তর করেন। পরে মন্ত্রী নিহত বিট অফিসারের কবর জিয়ারত করেন। মন্ত্রীর সঙ্গে প্রধান বন সংরক্ষক মোঃ আমীর হোসাইন চৌধুরী, উপ-প্রধান বন সংরক্ষক গোবিন্দ রায়, উপ-প্রধান বন সংরক্ষক মোঃ জাহিদুল কবির, মন্ত্রণালয়ের উপসচিব, বন আবু নইম মোহাম্মদ মারুফ খান-সহ, বন সংরক্ষক আর এস এম মুনিরুল ইসলাম ও আব্দুল আউয়াল সরকার-সহ মন্ত্রণালয়, বন বিভাগ, প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## কোরবানিতে ব্রাজিল থেকে গরু পাঠানোর অনুরোধ বাণিজ্য প্রতিমন্ত্রীর

দামে সস্তা হওয়ায় কোরবানির ঈদে ব্রাজিল থেকে গরু আনা যায় কি না সে বিষয়ে ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরাকে অনুরোধ করেছেন বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। রোববার, ৭ই এপ্রিল বিকেলে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। আহসানুল ইসলাম টিটু বলেন, 'সাক্ষাতে ব্রাজিলের পক্ষ থেকে অ্যানিমেল প্রোটিনটা ফোকাসে ছিল। বিশেষ করে ব্রাজিল অত্যন্ত কম দামে মাংস রফতানি করে। এ বিষয়ে তারা কথা বলেছে। আমরা আগামী কোরবানিকে সামনে নিয়ে তাদের ব্যক্তিগতভাবে অনুরোধ করেছি। যদি সস্তাই হয় তাহলে কোরবানির সময় গরু পাঠানোর ব্যবস্থা করা যায় কি না। আমরা পসিবিলিটিগুলো দেখবো। বেসিক্যালি ইনিশিয়াল ডায়ালগ, মাত্র শুরু।' বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, 'ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী আশা প্রকাশ করেছে যে আমাদের এ জয়েন্ট ডায়ালগটা সামনের দিকে এগিয়ে যাবে। তাদের বাণিজ্য সচিবও সাক্ষাতে ছিলেন। আশা করছি, জুলাইয়ে তারা আমাদের আমন্ত্রণ জানিয়েছে এর মধ্যে আমরা কিছু ক্ষেত্র চিহ্নিত করতে পারবো।' গরুর মাংসের দাম প্রসঙ্গে কোনো আলোচনা হয়েছে কি না এমন প্রশ্নে প্রতিমন্ত্রী বলেন, 'আমরা আগে আমদানি অ্যালাউ করি তখন দাম ও হেলথ সার্টিফিকেশন নিয়ে আলাপ হবে। আমাদের এখনো অ্যানিমেল প্রোটিন আমদানি নিষিদ্ধ। আমরা পোল্ট্রি এবং মাংস ইম্পোর্ট করি না। আমরা আগে স্টাডি করে নেই, তারপর দেখা যাবে কোন দামে এটি আসতে পারে। আমরা বলছি, শুধু বাংলাদেশের মার্কেট না, বাংলাদেশে এটিকে প্রসেস করে এশিয়ান মার্কেটে এন্টার করার বিষয়টি তাদের বলেছি।'

(জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## অভিযানে দুটি অস্ত্র উদ্ধার, কয়েকজন সন্ত্রাসী আটক : সেনাপ্রধান

বান্দরবানে ব্যাংক-অস্ত্রলুট, মসজিদে হামলা ও অপহরণের ঘটনায় প্রধানমন্ত্রীর নির্দেশে শনিবার, ৬ই এপ্রিল রাত থেকে যৌথ অভিযান শুরু করা হয়েছে। এরইমধ্যে দুটি অস্ত্র ও কয়েকজন সন্ত্রাসীকে আটক করা হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ। রোববার, ৭ই এপ্রিল সকালে হেলিকপ্টারে বান্দরবান পৌঁছে বান্দরবান ৬৯ সেনা রিজিয়নে সেনাবাহিনীর কর্মকর্তাদের সঙ্গে সার্বিক পরিস্থিতি নিয়ে মত বিনিময় করেন তিনি। এরপর দুপুর সাড়ে **১২**টায় প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান তিনি। নিরাপত্তার স্বার্থে ঠিক কতজনকে আটক করা হয়েছে তা না জানালেও তিনি বলেন, 'প্রধানমন্ত্রীর কড়া নির্দেশে গতকাল রাত থেকে কেএনএফ সশস্ত্র সংগঠনের বিরুদ্ধে কম্বাইন্ড অপারেশন শুরু হয়ে গেছে। এরইমধ্যে দুটি অস্ত্র উদ্ধার করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত যৌথ বাহিনীর অভিযান চলবে।' তিনি বলেন, 'শান্তি কমিটির সঙ্গে কেএনএফের স্বাভাবিক জীবনে ফিরে আসার আলোচনা চলছিল। দুটি মুখোমুখি সংলাপ বৈঠকও অনুষ্ঠিত হয়েছে, তৃতীয় বৈঠকের আগেই তারা সন্ত্রাসী কর্মকাণ্ড ঘটালো। বমদের সানডে আয়োজনে **৩১**শে মার্চ রুমায় বেতেলপাড়াসহ সবগুলো গির্জায় সেনাবাহিনী কেক পাঠিয়েছে, উৎসব আয়োজনে সম্পৃক্ত ছিল। কিন্তু ২রা এপ্রিল তারা সন্ত্রাসী কর্মকাণ্ড ঘটালো, মনের ভেতরে কী আছে সেটিতো জানা মুশকিল। তবে সরকার তাদের বিশ্বাস করেছিল, কেএনএফ বিশ্বাস রাখেনি।' তিনি আরো বলেন, 'কম্বাইন্ড অপারেশন এবং গোয়েন্দা কার্যক্রমও চলছে। তাই অপারেশনের সবগুলো দৃশ্যমান নয়। কিছু কার্যক্রম অদৃশ্যে চলবে, যা সাধারণ মানুষ দেখবে না, কিন্তু সুফল ভোগ করবে।' এ সময় অন্যদের মধ্যে বাংলাদেশ সেনাবাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এদিকে কেএনএফের তাণ্ডবের ঘটনায় রুমা ও থানচিতে আজও থমথমে অবস্থা বিরাজ করছে। আতঙ্ক কাটেনি দুই উপজেলাবাসীর। এসব তাণ্ডবের ঘটনায় মামলার সংখ্যা বেড়ে দাঁড়ালো ৮টি। তারমধ্যে রুমায় ৪টি এবং থানচিতে ৪টি। সবগুলো মামলায় আসামি অজ্ঞাত। বিষয়টি নিশ্চিত করে বান্দরবানের পুলিশ সুপার সৈকত শাহীন জানান, 'রুমার ঘটনায় বাদী হয়ে মামলা করেছেন সোনালী ব্যাংক কর্মকর্তা, মসজিদের ইমাম, পুলিশ ও আনসার এবং থানচিতে সোনালী ব্যাংক ও কৃষি ব্যাংক কর্মকর্তা ও দুটির পুলিশ বাদী। তবে এখনো পর্যন্ত মামলায় কাউকে গ্রেফতার করা হয়নি। তবে রুমা ও থানচি কোথাও নতুন করে কেএনএফের গোলাগুলির খবর পাওয়া যায়নি। হামলা লুটকারীদের ধরতে যৌথ বাহিনীর অভিযান চলছে। রুমা-রোয়াংছড়ি, থানচি-আলীকদম সীমান্তবর্তী এলাকাগুলোতে চালানো হচ্ছে সাঁড়াশি অভিযান।' নিরাপত্তা বাহিনীর কর্মকর্তারা বিষয়টি নিশ্চিত করেছেন বলেও জানান তিনি। এছাড়া ব্যাংক ডাকাতির পর থেকে নিরাপত্তার স্বার্থে রুমা-থানচি ও রোয়াংছড়ির সোনালী-কৃষি ব্যাংকের সকল লেনদেন বন্ধ রয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## ঈদের আগে খালেদা জিয়া-সহ নেতা-কর্মীদের মুক্তির দাবি রিজভীর

ঈদের আগেই বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়া-সহ নেতা-কর্মীদের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। দলীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে ফরমায়েশি সাজা বাতিল এবং মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিও জানান তিনি। রোববার, ৭ই এপ্রিল দুপুরে নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, 'সাজানো মিথ্যা মামলায় জর্জরিত বিএনপির তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত প্রায় সব নেতা-কর্মী। কারো কারও কারও বিরুদ্ধে চারশ থেকে পাঁচশ মামলাও রয়েছে। একদিকে মামলার চাপ আরেক দিকে ব্যবসা বাণিজ্যসহ সব হারিয়ে নিঃস্ব হয়ে পড়েছে বিএনপির অনেক নেতা-কর্মী। এছাড়াও এখনো যারা কারবান্দি রয়েছেন এমন নেতা-কর্মীর সংখ্যাও কম নয়। কারাগারের চার দেয়ালের মধ্যে এবারো ঈদ করতে হচ্ছে দলটির অজস্র নেতা-কর্মীকে। অবৈধ ও ডামি নির্বাচনের বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে রাজনৈতিক মামলায় বন্দি হন এসব নেতা-কর্মী।' তিনি বলেন, 'পবিত্র রমজান প্রায় শেষ পর্যায়ে, আর দুই -তিন দিন পর উদযাপিত হবে মুসলিম বিশ্বের সবচেয়ে বড় উৎসব পবিত্র ঈদুল ফিতর। কিন্তু ডামি নির্বাচনের বাকশাল-টু সরকারের ভয়াবহ দুঃশাসনে পড়ে এ পবিত্র রমজানেও নিদারুণ কষ্টে জীবনযাপন করছে সাধারণ মানুষ। নিত্যপণ্যের লাগামহীন ঊর্ধ্বগতি, গ্যাস-বিদ্যুৎ-পানি সংকট তো আছেই। এছাড়াও অবৈধ সরকারের লুটপাটের অর্থনীতির কারণে দেশে দুর্ভিক্ষ ক্রমশ সম্প্রসারিত হচ্ছে। এমন পরিস্থিতিতে মানুষের মনে ঈদের কোনো আনন্দ নেই। বিশেষ করে মধ্যম ও স্বল্প আয়ের মানুষের জন্য এবারের ঈদ সবচেয়ে নিরানন্দ ও বেদনাদায়ক।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## বায়তুল মোকাররমে ঈদুল ফিতরের ৫ জামাত

প্রতি বছরের মতো এবারো পবিত্র ঈদুল ফিতরে বায়তুল মোকাররম জাতীয় মসজিদে পর্যায়ক্রমে পাঁচটি ঈদের নামাজের জামাত অনুষ্ঠিত হবে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী বুধবার বা বৃহস্পতিবার ১০ বা ১১ই এপ্রিল দেশে মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উদযাপিত হবে। ঈদুল ফিতরের দিন ঈদগাহ ও বিভিন্ন মসজিদে মুসল্লিরা দুই রাকাত ঈদের ওয়াজিব নামাজ আদায় করেন। ঈদুল ফিতরের তারিখ নির্ধারণে মঙ্গলবার, ৯ই এপ্রিল সভায় বসবে জাতীয় চাঁদ দেখা কমিটি। রোববার, ৭ই এপ্রিল এক সংবাদ বিজ্ঞপ্তিতে বায়তুল মোকাররমে ঈদ জামাতের এ তথ্য জানিয়েছে ইসলামিক ফাউন্ডেশন। এতে বলা হয়, ঈদের প্রথম জামাত হবে সকাল ৭টায়। এতে ইমাম থাকবেন বায়তুল মোকাররম মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মুফতি মাওলানা মোঃ মিজানুর রহমান। মুকাব্বির থাকবেন মসজিদের মুয়াজ্জিন ক্বারী মোঃ ইসহাক। দ্বিতীয় জামাত হবে সকাল ৮টায়। মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মোঃ এহসানুল হক এ জামাতে ইমাম থাকবেন। মুকাব্বির থাকবেন অবসরপ্রাপ্ত মুয়াজ্জিন হাফেজ মোঃ আতাউর রহমান। বায়তুল মোকাররমের পেশ ইমাম হাফেজ মাওলানা মুফতি মুহীউদ্দিন কাসেম তৃতীয় জামাতে ইমাম থাকবেন। সকাল ৯টায় এ জামাত হবে। এতে মুকাব্বিরের দায়িত্বে থাকবেন মসজিদের খাদেম মোঃ আব্দুল হাদী। চতুর্থ জামাত হবে সকাল ১০টায়। এ জামাতের ইমাম ইসলামিক ফাউন্ডেশনের মুফাসসির ড. মোঃ আবু ছালেহ পাটোয়ারী এবং মুকাব্বির থাকবেন খাদেম মোঃ জসিম উদ্দিন। পঞ্চম ও সর্বশেষ জামাত হবে সকাল ১০টা ৪৫ মিনিটে। আজিমপুর কবরস্থান মেয়র হানিফ জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা ইমরান বিন নূরউদ্দীন এ জামাতে ইমামতি করবেন। তার সঙ্গে মুকাব্বির হবেন মসজিদের খাদের মোঃ রুহুল আমিন। এ পাঁচটি জামাতে কোনো ইমাম অনুপস্থিত থাকলে ইসলামিক ফাউন্ডেশনের ভাষা শিক্ষক মাওলানা মোহাম্মদ নূর উদ্দীন বিকল্প ইমাম হিসেবে দায়িত্ব পালন করবেন বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## ভাসানটেকে এক হাজার পরিবারে খাদ্যসামগ্রী দিল চীনা দূতাবাস

রাজধানীর ভাসানটেক বস্তির এক হাজার পরিবারের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে। মাহে রমজান উপলক্ষ্যে ডিএনসিসির উদ্যোগে এবং চীনা দূতাবাসের সহযোগিতায় এসব খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। রোববার, ৭ই এপ্রিল দুপুরে ভাসানটেক এলাকায় এসব খাদ্যসামগ্রী বিতরণ করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আতিকুল ইসলাম। খাদ্যসামগ্রী সহায়তা হিসেবে প্রতি পরিবার পেয়েছে ৮ কেজি মিনিকেট চাল, এক কেজি মসুর ডাল, ২ লিটার সয়াবিন তেল, এক কেজি লবণ, এক কেজি পেঁয়াজ, ৩ কেজি আলু, এক কেজি চিনি, হলুদ ও মরিচের গুড়ার ১০০ গ্রাম প্যাকেট এবং এক প্যাকেট সেমাই। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন, ডিএনসিসির ১৫ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মোঃ জহির আহমেদ, সংরক্ষিত নারী কাউন্সিলর সাহিদা আক্তার শীলা, ডিএনসিসির আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মোঃ জিয়াউর রহমান, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ মামুন-উল-হাসান প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## ঈদের জামাতের জন্য প্রস্তুত শোলাকিয়া ময়দান, ৪ স্তরের নিরাপত্তা

কিশোরগঞ্জের ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহ ময়দান ১৯৭তম ঈদুল ফিতরের জামাতের জন্য প্রস্তুত করা হয়েছে। আগত মুসল্লিদের নিরাপত্তায় চার স্তরে কাজ করবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। আগের চেয়ে বাড়তি নিরাপত্তা

ব্যবস্থা থাকবে শোলাকিয়ায়। মোতায়েন থাকবে পাঁচ প্লাটুন বিজিবি। সকাল ১০টায় শুরু হবে ঈদুল ফিতরের জামাত। জামাতে ইমামতি করবেন বাংলাদেশ ইসলাহুল মুসলিমিন পরিষদের চেয়ারম্যান ড. মাওলানা ফরিদ উদ্দিন মাসউদ। বিকল্প ইমাম হিসেবে থাকবেন বড় বাজার মসজিদের খতিব মাওলানা শোয়াইব বিন আব্দুর রউফ। আগত লাখ লাখ মুসল্লির নিরাপত্তার স্বার্থে এখানে টুপি ও জায়নামাজ ছাড়া আর কিছুই সঙ্গে নিয়ে প্রবেশ করা যাবে না। ছাতা নিয়ে ঈদগাহ ময়দানে প্রবেশের ওপর নিষেধাজ্ঞা রয়েছে। তবে আবহাওয়া যদি খারাপ থাকে কিংবা বৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকে তাহলে ছাতা নিয়ে ময়দানে প্রবেশের কথা আগের দিন জানিয়ে দেওয়া হবে। রোববার, ৭ই এপ্রিল শোলাকিয়া ঈদগাহ ময়দানের সবশেষ সার্বিক পরিস্থিতি পরিদর্শন করেন শোলাকিয়া ঈদগাহ ময়দান ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও জেলা প্রশাসক মোহাম্মদ আবুল কালাম আজাদ, র‍্যাব-১৪ এর অধিনায়ক অতিরিক্ত ডিআইজি মোহাম্মদ মহিবুল ইসলাম খান, কিশোরগঞ্জের পুলিশ সুপার মোহাম্মদ রাসেল শেখ।' জেলা প্রশাসক মোহাম্মদ আবুল কালাম আজাদ জানান, 'ঈদুল ফিতরের ১৯৭তম জামাত অনুষ্ঠিত হবে সকাল ১০টায়। শোলাকিয়া ঈদগাহ মাঠের সবধরনের প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। এবারের ঈদের জামাতে টুপি ও জায়নামাজ ছাড়া আর কিছু সঙ্গে নিয়ে প্রবেশ করতে পারবেন না মুসল্লিরা। আগত মুসল্লিরা নিরাপত্তার স্বার্থে ছাতা নিয়ে মাঠে প্রবেশ করতে পারবেন না। তবে বৃষ্টির সম্ভাবনা থাকলে ছাতা আনার বিষয়টি আগের দিন জানিয়ে দেওয়া হবে।' মুসল্লিদের সুবিধার্থে ঈদের দিন কিশোরগঞ্জ-ময়মনসিংহ ও ভৈরব-কিশোরগঞ্জ রোডে শোলাকিয়া এক্সপ্রেস নামে দুটি স্পেশাল ট্রেন চলাচল করবে বলেও জানান ডিসি। পুলিশ সুপার মোহাম্মদ রাসেল শেখ বলেন, 'শোলাকিয়ায় ঈদের জামাতকে কেন্দ্র করে ২০১৬ সাল থেকে আমরা সবসময় বাড়তি নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করে আসছি। এবার আগের চেয়ে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা থাকবে শোলাকিয়ায়। আমরা কিছু বাড়তি আয়োজন করেছি। এর মধ্যে ময়দানকে লক্ষ্য করে চার স্তরের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মুসল্লিদের পুলিশের চারটি স্থাপনা পেরিয়ে আসতে হবে। সেটি চেকপোস্ট হোক বা পিকেট হোক। আবার কোথাও কোথাও পাঁচ থেকে ছয়টি স্থাপনা পেরিয়ে ময়দানে আসতে হবে।' তিনি আরো জানান, ওয়াচ টাওয়ার রয়েছে ছয়টি। তার মধ্যে র‍্যাব ব্যবহার করবে দুটি আর চারটি ব্যবহার করবে পুলিশ। মাঠে চারটি ড্রোন ক্যামেরা থাকবে। থাকবে বাইনো কুলারসহ ছয়টি ভিডিও ক্যামেরা। পুরো মাঠ সিসি ক্যামেরার আওতায় থাকবে। যা সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হবে। মাঠে প্রবেশ ও বের হওয়ার পথ নামাজের আগের দিন জানিয়ে দেওয়া হবে। এখানে ফায়ার সার্ভিস কাজ করবে। ছয়টি অ্যাম্বুলেন্সসহ মেডিকেল টিম থাকবে। পুলিশের কুইক রেসপন্স টিম থাকবে। সুইপিং করা হবে। বোম ডিসপোজাল টিম ঢাকা থেকে আসবে। এছাড়া মাঠের নিরাপত্তার জন্য পাঁচ প্লাটুন বিজিবি চাওয়া হয়েছে। র‍্যাব থাকবে। সাদা পোশাকে পুলিশ কাজ করবে। আমরা কোনো হুমকি মনে করছি না।' ময়মনসিংহ র‍্যাব-১৪ এর অধিনায়ক অতিরিক্ত ডিআইজি মোহাম্মদ মহিবুল ইসলাম খান জানান, 'স্নাইপার, ড্রোন ক্যামেরা, দুটি ওয়াচ টাওয়ারের মাধ্যমে নিরাপত্তাব্যবস্থা নিশ্চিত করা হবে। এজন্য শতাধিক র‍্যাব সদস্য মোতায়েন থাকবে।' জঙ্গি হামলার কোনো থ্রেট নেই বলেও জানান তিনি। শোলাকিয়া ঈদগাহ মাঠ ব্যবস্থাপনা কমিটির সদস্য ও কিশোরগঞ্জ পৌরসভার মেয়র মাহমুদ পারভেজ বলেন, 'মাঠের রং করা থেকে শুরু করে মুসল্লিদের অজু ও গোসলের সব ব্যবস্থা থাকছে ঈদগাহ ময়দানে।' ঐতিহ্যবাহী শোলাকিয়া ঈদগাহ ময়দানে ২০১৬ সালের ৭ই জুলাই ভয়াবহ জঙ্গি হামলার ঘটনায় দুই পুলিশ সদস্য, এক নারী এবং এক জঙ্গিসহ চারজন নিহত হন। এ হামলায় পুলিশসহ ১৬ মুসল্লি আহত হন। কিন্তু তারপরও ভাটা পড়েনি ঐতিহাসিক এ ঈদগাহ ময়দানের ঈদের জামাতে মুসল্লিদের সমাগমে। জনশ্রুতি আছে, বারোভূঁইয়া নেতা ঈশা খার বংশধর শাহ সুফি সৈয়দ আহমদ ঈদের জামাতের মোনাজাতে ভবিষ্যতে মাঠে মুসল্লিদের প্রাচুর্যতা প্রকাশে `সোয়া লাখ, কথাটি ব্যবহার করেন। অন্য একটি মতে, সেই দিনের ওই জামাতে এক লাখ ২৫ হাজার অর্থাৎ সোয়া লাখ লোক জমায়েত হন। ফলে সোয়া লাখের অপভ্রংশ হয়ে শোলাকিয়া নামটি চালু হয়ে যায়। পরবর্তীতে ১৯৫০ সালে স্থানীয় দেওয়ান মান্নান দাদ খা ঈদগাহের জন্য ৪ দশমিক ৩৫ একর জমি শোলাকিয়া ঈদগাহে ওয়াকফ করেন। এ মাঠে ২৬৫টি কাতার আছে। প্রতিটি কাতারে ৫০০ মুসল্লি নামাজের জন্য দাঁড়াতে পারেন। মুসল্লির উপস্থিতির দিক থেকে শোলাকিয়া ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত ঈদুল ফিতরের জামাতই এ উপমহাদেশের সর্ববৃহৎ জামাত হিসেবে বিবেচিত হয়ে আসছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## কেএনএফ-এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ শুরু হয়েছে : আইজিপি

বান্দরবানের থানচি ও রুমাতে ব্যাংক ডাকাতি ও অস্ত্র লুটের ঘটনার পর পাহাড়ি সন্ত্রাসী গোষ্ঠী কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট, কেএনএফ-এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ শুরু হয়েছে বলে জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। রোববার, ৭ই এপ্রিল বিকেলে রাজধানীর সায়েদাবাদ জনপথ মোড়ে আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা পরিদর্শন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। আইজিপি বলেন, 'কুকি-চিন যে আক্রমণ করেছে আমরা সবাই মিলে তাদের বিরুদ্ধে পরিকল্পনা করে কার্যক্রম চলমান রয়েছে। এরই মধ্যে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ শুরু হয়েছে। তাদের বিরুদ্ধে কিছু কার্যক্রমের খবর আসছে, আগামীতে আরো ভালো খবর আসবে।' তিনি বলেন, 'আমরা সবাইকে আশ্বস্ত করতে চাই, কুকি-চিনের বিরুদ্ধে

আমরা সবাই মিলে কাজ করছি। এখন আতঙ্কিত হওয়ার মতো অবস্থা নেই। আইজিপি আরো বলেন, 'সবাইকে আশ্বস্ত করতে চাই, সন্ত্রাসের বিরুদ্ধে প্রধানমন্ত্রী জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছেন। জিরো টলারেন্স নীতির কারণে আমরা যেভাবে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ নিয়ন্ত্রণ করেছি, পাহাড়ে সন্ত্রাসবাদের বিরুদ্ধে সশস্ত্র বাহিনীসহ সবাই একসঙ্গে কাজ করছি। পাহাড়ের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।' যারা পাহাড়ে অপরাধ সংগঠিত করার সঙ্গে জড়িত রয়েছে তাদের তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ হবে বলেও উল্লেখ করেন আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। এসময় উপস্থিত ছিলেন ডিএমপি কমিশনার হাবিবুর রহমান, অতিরিক্ত কমিশনার, ক্রাইম ড. মহিদ উদ্দীন, অতিরিক্ত কমিশনার, প্রশাসন এ কে এম হাফিজ আক্তার, সিটিটিসি প্রধান অতিরিক্ত কমিশনার মোঃ আসাদুজ্জামান, অতিরিক্ত কমিশনার, ট্রাফিক মোঃ মুনিবুর রহমান ও যুগ্ম কমিশনার, অপারেশন বিপ্লব কুমার সরকার প্রমুখ।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## এবারের ঈদযাত্রা নিরাপদ ও স্বাচ্ছন্দ্যময় হবে : হাইওয়ে পুলিশপ্রধান

হাইওয়ে পুলিশপ্রধান শাহাবুদ্দিন খান বলেছেন, 'ঈদের আর মাত্র ২-৩ দিন বাকি থাকলেও এবার স্বাচ্ছন্দ্যময় এক ঈদযাত্রা লক্ষ্য করছি। আমরা এ ধারাবাহিকতা শেষ পর্যন্ত ধরে রাখতে চাই। আশা করি, গতবারের তুলনায় এবারের ঈদযাত্রা আরো নিরাপদ এবং স্বাচ্ছন্দ্যময় হবে। ঈদের দিন পর্যন্ত আমরা সবাই মাঠে কাজ করে যাবো।' রোববার, ৭ই এপ্রিল বিকেল সোয়া ৩টায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক পরিদর্শন শেষে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ের কাঁচপুর এলাকায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। চালকদের প্রতি আহ্বান জানিয়ে হাইওয়ে পুলিশপ্রধান বলেন, `মহাসড়কে দুর্ঘটনা কমিয়ে আনার জন্য আমরা সবসময় কাজ করে যাচ্ছি। ঈদে সবসময় দুর্ঘটনার একটা শঙ্কা থাকে। এসময় মহাসড়কে যানবাহন ও যাত্রীর চাপ বেশি থাকে। ঈদের আগের চেয়ে ঈদের পর দুর্ঘটনা বেশি হয়। যানবাহন চালকদের প্রতি আমার অনুরোধ থাকবে তারা যেন ট্রাফিক নিয়মগুলো মেনে চলেন। আমরা দ্রুতগতিতে যেন চলাচল না করি। মুহূর্তের তাড়াহুড়োর কারণেই যানজট সৃষ্টি হতে পারে, দুর্ঘটনা ঘটতে পারে।, তিনি বলেন, `ঈদের পর ফাঁকা সময়ে লক্ষ্য করা যায় আমাদের কিশোর ছেলেরা বেপরোয়াভাবে মোটরসাইকেল চালায়। এর মাধ্যমে অনেক তরুণের প্রাণহানি ঘটে। যার ড্রাইভিং লাইসেন্স নেই সে যেন কোনোভাবেই গাড়ি নিয়ে না বের হয়। মহাসড়কে আমরা সবসময় কঠোর থাকবো। যেসব মহাসড়কে যানজট সৃষ্টি হতে পারে সেখানে আমরা সিসি ক্যামেরা বসিয়েছি। সবার সমন্বয়ে আমরা নিরাপদ ঈদযাত্রা নিশ্চিত করতে চাই।, এসময় আরো উপস্থিত ছিলেন হাইওয়ে পুলিশের উপ-মহাপরিদর্শক মাহফুজুর রহমান, হাইওয়ে পুলিশের অতিরিক্ত ডিআইজি নাবিলা জাফরিন, কাঁচপুর হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রেজাউল হক, কাঁচপুর হাইওয়ে থানার শিমরাইল ক্যাম্পের টিআই এ কে এম শরফুদ্দিন প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## কেএনএফ-এর কেন্দ্রীয় প্রধান সমন্বয়ক গ্রেফতার

বান্দরবানে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট, কেএনএফ-এর কেন্দ্রীয় কমিটির প্রধান সমন্বয়ক চেওসিম বমকে গ্রেফতার করেছে র‍্যাব। রোববার, ৭ই এপ্রিল বিকেল সাড়ে ৩টায় বান্দরবান পার্বত্য জেলা পরিষদ অডিটোরিয়ামে আয়োজিত সংবাদ সম্মেলনে র‍্যাব-১৫-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল এইচ এম সাজ্জাদ হোসেন এ তথ্য জানান। আটক চেওসিম বম বান্দরবান সদর উপজেলার সুয়ালক ইউনিয়নের ৬ নাম্বার ওয়ার্ড শারন পাড়া এলাকার মৃত রোয়াল খুব বমের ছেলে। তিনি জানান, 'বান্দরবান জেলার মধ্যে প্রথম কুকি-চিন ন্যাশনাল ডেভলপমেন্ট অর্গানাইজেশান নামে একটি সংঘটন গঠন করা হয়েছিল। যেখান থেকে যাত্রা শুরু করে ধিরে ধিরে কেএনএফ বর্তমান অবস্থায় পৌঁছায়। সেই সংগঠনের প্রতিষ্ঠাতা সমন্বয়ক ছিলেন চেওসিম বম। তার বাড়িতে বসেই নাথান বম ও জঙ্গী নেতা শামীম মাহফুজের জঙ্গী প্রশিক্ষণের চুক্তি হয়। এছাড়া দীর্ঘদিন ধরে কেএনএফ-এর জন্য সে টাকা সংগ্রহ করে আসছিল। আজ ভোরে সুয়ালক এলাকার একতলা একটি ভবনে অভিযান চালিয়ে ঘরের গোপন চৌকাট বক্স থেকে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার দেয়া তথ্যের ভিত্তিতে দুটি এয়ার গান জব্দ করা হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন-র‍্যাব-১৫-এর উপ-অধিনায়ক মেজর মোহাম্মদ শরীফুল আহসান, কোম্পানি অধিনায়ক সিপিসি-৩ এর স্কোয়াড্রন লিডার তৌহিদুল মুবিন খান প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

## পাহাড় সামলাতে সরকার ব্যর্থ : জি এম কাদের

জাতীয় পার্টির চেয়ারম্যান ও সংসদের বিরোধীদলীয় নেতা জি এম কাদের বলেছেন, 'পাহাড়ের সামান্য ঘটনায় যদি সরকার হিমশিম খায়, তাহলে দেশে বড় ধরনের বিপদ হলে জনগণ দাঁড়ানোর রাস্তা খুঁজে পাবে না।' রোববার, ৭ই এপ্রিল বিকেলে রংপুর সার্কিট হাউজে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। জি এম কাদের বলেন, 'পাহাড়ে সন্ত্রাসীদের হামলা নতুন কিছু নয়। এর আগেও হয়েছে, সেটি আবার সমাধানও হয়েছে। কিন্তু এবারের ঘটনা একেবারেই আলাদা। ব্যাংক ডাকাতি, অপহরণ ও খুনসহ বেশ কিছু ঘটনা ঘটেছে। এতে সরকারের গোয়েন্দা বাহিনী ব্যর্থ হয়েছে। এর দায় সরকারকে নিতে হবে।' তিনি আরো বলেন, 'সরকারি বাহিনীর সব ধরনের সুযোগ সুবিধা আছে। কিন্তু কাজের ব্যাপারে জবাবদিহিতা নেই। যে যার ইচ্ছে মতো কাজ করছে।' দেশে গণতন্ত্র না

থাকায় সাধারণ মানুষের জন্য দুঃসংবাদ বয়ে এনেছে জানিয়ে জি এম কাদের বলেন, 'সুষ্ঠু নির্বাচন না হওয়ায় গণতন্ত্র ভেঙেছে। মানুষ তার অধিকার হারিয়েছে। জাতীয় পার্টি চেষ্টা করছে অধিকার নিয়ে কথা বলার। কিন্তু সরকার ভেতর থেকে কলকাঠি নেড়ে দলকে দুইভাগ করার চেষ্টা করছে। দলের নেতা-কর্মীদের মধ্যে বিভেদ তৈরির অপচেষ্টা চলছে।' জাতীয় পার্টিকে ধরে রাখতে দলীয় নেতা-কর্মীদেরও শক্ত অবস্থান তৈরি করার আহ্বান জানান তিনি। এসময় রংপুর জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আলাউদ্দিন মিয়া, মহানগর জাতীয় পার্টির সাধারণ সম্পাদক এস এম ইয়াসীর-সহ দলীয় নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৭.০৪.২০২৪ প্রতীক)

# BBC

**OBSTACLES TO PEACE SEEM LARGER THAN EVER: BOWEN**

Six months after the Hamas attacks on Israel, war, disease starvation, and death ravage Palestinians in Gaza. Israel is deeply divided, and its prime minister struggles to keep his promise to total victory. The United States, Israel's most essential ally, has turned against the way it is fighting the war. With Iran vowing vengeance for Israel's assassination of a leading Iranian general in Syria, and months of cross-border conflict with Iran's ally Hezbollah in Lebanon, the risks of an all-out Middle East war are increasing.
(BBC Web Page: 07/04/24, FARUK)

**THOUSANDS OF ISRAELIS RALLY TO DEMAND HOSTAGE DEAL**

Tens of thousands of Israelis have rallied against Israeli PM Benjamin Netanyahu, demanding a Gaza hostage deal. The rallies in Tel Aviv and other cities came after the Israeli Defence Forces (IDF) recovered the body of hostage Elad Katzir. Protesters chanted "elections now", and "Elad we're sorry", local media reported. Later, police forcibly dispersed the Tel Aviv crowd. (BBC Web Page: 07/04/24, FARUK)

**WEST FACES AUTHORITARIAN ALLIANCE: NATO HEAD**

An "alliance of authoritarian powers" is working more closely together against Western democracies, the head of NATO has warned. Jens Stoltenberg told the BBC that Russia, Iran, China and North Korea are increasingly aligned. He also said he was confident allies of the NATO military alliance would agree a long-term funding deal for Ukraine by July. But he suggested Ukraine might have to decide on some "kind of compromises".
(BBC Web Page: 07/04/24, FARUK)

**RUSSIA-FRIENDLY POPULIST ELECTED SLOVAK PRESIDENT**

Populist Peter Pellegrini has been elected president of Slovakia, succeeding the liberal Zuzana Caputova. Me Pellegrini, 48, defeated the pro-Western Ivan Korcok, a former diplomat, with 53% of the vote. A former prime minister, he is an ally of Prime Minister Robert Fico, and shares the PM's dovish attitude towards Russia. Mr Fico and his allies now control Slovakia's parliament, government and soon the president's office.
(BBC Web Page: 07/04/24, FARUK)

**DANISH HIPPY COMMUNE FIGHTS BACK AGAINST DRUG GANGS**

For more than 50 years, the hippy neighbourhood of Christiania has been a heaven of counter-culture, in the very heart of the Danish capital Copenhagen. Popular with tourists, it is known for its liberal attitude towards cannabis and the infamous drug market, Pusher Street. However, in recent years organized criminals have increasingly taken over, and growing violence has rattled the community. Residents have now had enough. In a bid to reclaim the street from drug dealers, this Saturday they began physically digging it up, armed with spades and crowbars. (BBC Web Page: 07/04/24, FARUK)

**MYANMAR ARMY LOSES BORDER TOWN IN ANOTHER BIG DEFEAT**

The military regime which seized power in Myanmar three years ago has suffered another big defeat, this time on the eastern border with Thailand. Troops had suffered weeks of attacks by ethnic Karen insurgents, allied with other anti-coup forces. Hundreds of troops guarding the vital border town of Myawaddy have now agreed to surrender. Most of Myanmar's overland trade with Thailand passes through Myawaddy. On Friday, the Karen National Union announced that it had accepted the surrender of battalion based in the town of Thanganyinaung, about 10km west of Myawaddy. (BBC Web Page: 07/04/24, FARUK)

**::The End::**